# সকল বোর্ডের
# শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র

SURE SUCCESS

# মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

বিষয় কোড : 1 0 1

## বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ–গদ্য

১ ▶ ফাহিম সুযোগ পেলেই নিজের কাজ অন্যকে দিয়ে করিয়ে নেয়। ছাত্রজীবনের এই অভ্যাসটি আজ তার কর্মজীবনেও রয়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছে অতিরিক্ত বিনয় ও তোষামোদ। অফিসের কোনো কাজই এখন আর সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারে না সে। এ জন্য লোকজন তাকে খুব অপছন্দ করে এবং অফিসে তার গ্রহণযোগ্যতাও কমে আসছে। অন্যদিকে রহমান সাহেবের সততা, দৃঢ়তা এবং কর্মনিষ্ঠা তাকে সকলের নিকট প্রিয় করে তুলেছে। তিনি সকলের নিকট অনুকরণীয় ব্যক্তিত্ব।

ক. প্রাণ খুলে কী স্বীকার করে নেওয়া উচিত? ১
খ. "মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম।"– কথাটি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের ফাহিমের মধ্যে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের রহমান সাহেব 'আমার পথ' প্রবন্ধের লেখকের প্রতিনিধি।– মন্তব্যটি বিচার কর। ৪

২ ▶ যুবতি নবিতুন 'সারেং বৌ' উপন্যাসের নায়িকা। জীবিকার তাগিদে স্বামীকে দূর পথে বছরের অধিকাংশ সময় কাটাতে হয়। চারপাশের অশুভ ইঙ্গিত তাকে যখন তখন তাড়া করে বেড়ায়। আছে দারিদ্র্য ও দুর্যোগ। আত্মবিশ্বাস, সাহস, বুদ্ধিমত্তা আর দৃঢ়তা দিয়ে সবকিছু জয় করে সে। স্বামীর প্রতি ভালোবাসা আর সুন্দর জীবনের স্বপ্ন তাকে বেঁচে থাকার অনুপ্রেরণা জোগায়।

ক. আহ্লাদির নিজেকে কেমন লাগে? ১
খ. "সেই এখানকার কর্তা, সেই সর্বেসর্বা।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নবিতুনের সঙ্গে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের নবিতুন 'মাসি-পিসি' গল্পের আহ্লাদির সম্পূর্ণ বিপরীত।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে জ্বলন্ত
ঘোষণার ধ্বনি-প্রতিধ্বনি তুলে,
নতুন নিশান উড়িয়ে, দামামা বাজিয়ে দিগ্‌বিদিক
এই বাংলায়
তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা।

ক. নুরুল হুদার সঙ্গে আর কাকে মিলিটারি জিপে তোলা হয়? ১
খ. "রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনারেল মনসুন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের বিকশিত চেতনার স্বরূপ অভিন্ন– কথাটির যাথার্থ্য নির্ণয় কর। ৪

৪ ▶ আমার এ ঘর ভাঙিয়াছে যেবা
আমি বাঁধি তার ঘর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই
যে মোরে করেছে পর।

ক. লেখকের মতে দান বা ভিক্ষা গ্রহণ করার দৃশ্যটি কেমন? ১
খ. অনুগ্রহকারী ও অনুগৃহীতের সম্পর্কে লেখক কী বলেছেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের মূলভাবকে কতটুকু ধারণ করেছে? যুক্তিসহ উত্তর দাও। ৪

### খ অংশ–কবিতা

৫ ▶ এতো রক্ত কার? পলাশ-কৃষ্ণচূড়ার মতো টকটকে লাল,
বায়ান্নর গুলিবিদ্ধ চেতনার মতো দৃপ্ত আবেগে উত্তাল
এমন আবেগ কার? তবে কি এসেছে ফিরে সালাম-জব্বার?
ফাগুনের এই প্রথম দিবসে বারুদের প্রিয় গন্ধমাখা
এতো রক্ত কার? অক্টোবর বিপ্লবের মতো অজর অমর
এই রক্তধারা আসে কোথা থেকে? একি তবে প্রিয় আসাদের শার্ট?

ক. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন বনের উল্লেখ আছে? ১
খ. "সালামের চোখ আজ আলোচিত ঢাকা।"– কথাটি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার চেতনাগত সাদৃশ্য কোথায়? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাবার্থ 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার একমাত্র দিক নয়– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ বৈশাখকে বরণ করার উৎসবে মেতেছে সবাই। কিন্তু সুমনার মনে শোকের ছায়া। তার ছেলে সজীব চলে গেছে না-ফেরার দেশে। পূর্বে এদিনটিতে সজীবই মাকে নিয়ে বেরিয়ে পড়ত নববর্ষের উৎসবে যোগ দিতে। সব আনন্দ নিঃশেষ হয়ে গেছে সুমনার। আজ তার কেবলই মনে হয়– স্মৃতিভারে আমি পড়ে আছি, ভারমুক্ত সে এখানে নেই।

ক. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবি কোন ফুল ফোটার কথা জানতে চেয়েছেন? ১
খ. "'তাহারেই পড়ে মনে' কবিতাটি নাটকীয় গুণসম্পন্ন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন বিষয়কে প্রতিনিধিত্ব করে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপক এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার মূলভাব একই– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ কোনো কোনো মৃত্যু জীবনের চেয়েও সতেজ মহিমান্বিত,
তোমার মৃত্যুর কাছে কোটি কোটি জীবন আজো নতজানু,
তোমার গুলিবিদ্ধ শরীর এখনো
রাজপথ উপচে-পড়া মিছিলের সামনে।
যেখানে সমাজ বদলে ফেলার প্রেরণা বাঙ্ময় হয়
কোনো তরুণ কণ্ঠ, সেখানে বেজে ওঠে তোমার কণ্ঠস্বর,
যেখানে বুলেটের আঘাতে ঢলে পড়ে কোনো সংগ্রামীর শরীর,
যেখানে প্রতিবাদে উত্তোলিত হয় বাহুর অরণ্য,
সেখানে সবচেয়ে উঁচু তোমার সূর্য ঝলসিত হাত।

ক. কোথায় পলিমাটির সৌরভ ছিল? ১
খ. ভালোবাসা দিলে মা মরে যায়– কথাটি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার খণ্ডিত রূপায়ণ– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▶ মালালা ইউসুফজাই ১৯৯৭ সালের ১২ জুলাই পাকিস্তানের নিনগুরাতে জন্মগ্রহণ করে। প্রগতিশীলতার কারণে কিশোর বয়সেই তাকে এক ভয়াবহ হামলার শিকার হতে হয়। প্রতিক্রিয়াশীলদের হুমকি, অত্যাচার, নিপীড়নকে মোকাবেলা করে তার আদর্শের পথে চলতে হয়েছে। নারীশিক্ষায় উৎসাহ জোগানোয় স্থানীয় তালেবানরা তার উপর গুলিবর্ষণ করে। মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে অবশেষে প্রাণে বেঁচে যায় মালালা। এবং জয় হয় তার চেতনারও। তারপরে তাকে আর থামতে হয়নি। শান্তিতে নোবেল বিজয়সহ নানা অর্জনে পরিপূর্ণ সে। এখন এক সাহসী চেতনার নাম মালালা।

ক. আওয়ালপুরের পিরের পূর্বপুরুষ কোথায় বাস করত? ১
খ. "গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তালেবান 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়? কেন? ৩
ঘ. উদ্দীপকের মালালা এবং 'লালসালু' উপন্যাসের আক্কাস একই চেতনার প্রতিভূ– উক্তিটির তাৎপর্য নিরূপণ কর। ৪

৯ ▶ বিচার বসছে মোড়লের উঠোনে। নানা ধরনের মানুষের মধ্যে জুবের আলির গলার তেজ বেশি। ঘরে তিনজন স্ত্রী রয়েছে, অথচ মেয়ে মানুষ তার চোখের বিষ। দোজখের আগুন বলে সকলকে নারী থেকে দূরে থাকতে পরামর্শ দেন তিনি। নারীকে পুরুষের দাসী বর্ণনা করে আয়াত তেলাওয়াত করেন। মেয়েদের চঞ্চলতা, হাসিমুখ, কথার আওয়াজকে না-জায়েজ বলে ঘোষণা দেন। মোড়ল তার কথার উপর কথা বলে না। বিচারে রায় হয় মোড়লের স্ত্রীকে তালাক দেওয়ার।

ক. "মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?"– উক্তিটি কার? ১
খ. "তার চোখ যেন পৃথিবীর দুঃখ-বেদনার অর্থহীনতায় হারিয়ে গেছে।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিচারব্যবস্থার মাঝে 'লালসালু' উপন্যাসের কোন দিকটি দৃশ্যমান? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস নারী নির্যাতনের প্রতিচ্ছবি।"– উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▶ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে এক অভূতপূর্ব চেতনার নাম মাস্টার দা সূর্যসেন। ব্রিটিশদের শোষণ-শাসনের বিরুদ্ধে সূর্যসেন এ দেশের গণমানুষকে জাগিয়ে তুলতে সক্ষম হন। তারই নেতৃত্বে চট্টগ্রামে অবস্থিত ব্রিটিশদের একটি অস্ত্রাগার লুণ্ঠিত হয়। এতে ব্রিটিশদের টনক নড়ে। তাকে ধরিয়ে দেওয়ার জন্য বড় অঙ্কের টাকা পুরস্কার ঘোষণা করলে নিজের দলের একজন টাকার লোভে তার অবস্থান জানিয়ে দেয়। ফলে তিনি ব্রিটিশদের হাতে ধরা পড়েন। অবশেষে তাকে নির্মমভাবে হত্যা করা হয়।

ক. কোন ফরাসি সেনাপতি পলাশির প্রান্তরে নবাবের পক্ষে যুদ্ধ করেন? ১
খ. "দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সূর্যসেন 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজউদ্দৌলা চরিত্রের সঙ্গে কোন ৬+দিক দিয়ে তুলনীয়? বর্ণনা কর। ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও সূর্যসেন আর সিরাজউদ্দৌলার পরিণতি অভিন্ন।"– মন্তব্যটি বিচার কর। ৪

১১ ▶ তরুণ বয়সে ক্ষমতা গ্রহণের পর থেকেই শাসক লিমনের বিরুদ্ধে নানা রকম ষড়যন্ত্র শুরু হয়। এতে রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা চরম আকার ধারণ করে। সাধারণ মানুষের ভোগান্তি বেড়ে যায়। কিন্তু লিমন ছিলেন অত্যন্ত বিচক্ষণ এবং দূরদর্শী একজন শাসক। তিনি জানেন রাজ্য পরিচালনার জন্য প্রয়োজন কঠোরতা। তিনি কৌশলে সকল ষড়যন্ত্রকারীকে বন্দি করেন এবং মৃত্যুদণ্ড প্রদান করেন। রাজ্যে শান্তি ফিরে আসে।

ক. নবাবের সবচেয়ে বিশ্বস্ত ও আস্থাভাজন সেনাপতির নাম কী? ১
খ. ঘসেটি বেগম সিরাজের ধ্বংস কামনা করেন কেন? ২
গ. উদ্দীপকের লিমনের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজউদ্দৌলা চরিত্রের কোন্ দিক থেকে অমিল রয়েছে? যুক্তিসহ উপস্থাপন কর। ৩
ঘ. রাজ্য পরিচালনার জন্য প্রয়োজন কঠোরতা– 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে মন্তব্যটির যৌক্তিকতা তুলে ধর। ৪

# ঝিনাইদহ ক্যাডেট কলেজ ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ—গদ্য

১ ▸ যন্ত্রণার নরক থেকে উদ্ধারকারী যতীন্দ্রনাথের প্রতি অতসীর প্রগাঢ় অনুরাগের এক প্রধান কারণ ছিল বাঁশির সুর। যতীন্দ্রনাথকে যখন সে চিনত না, তখন সে সুরকে সে চিনত। এ এক সুতীব্র আত্মার আকর্ষণ। সমগ্র অস্তিত্ব দিয়ে সে ওই সুরকে ভালোবেসেছিল। আর ওই ভালোবাসার পাকে পাকে যেন জড়িয়েছিল সুরসাধককে। কিন্তু যখন সে দেখল ওই সুরসাধনাই বংশীবাদকের অস্তিত্বকে করে তুলেছে বিপন্ন, তখন তার অনুরাগ বস্তুবিদ্ধ হল, কেন্দ্রীভূত হল মানবসীমায়। এও এক স্বাভাবিক মানবধর্ম। অতঃপর মৃত্যুন্মুখ এক দুর্বল মুহূর্তে অতসী তার স্বামীকে বাঁচিয়ে রাখার আশায় তার কাছ থেকে আদায় করে নিল সুরচর্চা পরিত্যাগের প্রতিশ্রুতি।

ক. ছেলেবেলা থেকে ন্যাড়ার কোন শখ প্রবল ছিল? ১
খ. "আমিও বরাবর সঙ্গে ছিলাম"— কথাটির প্রসঙ্গ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'বিলাসী' গল্পের কোন বিষয়টির সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের চেয়ে 'বিলাসী' গল্পের বিষয়শৈলী ও নারী হৃদয়ের গভীরতার চিত্র আরও বিস্তৃত।"— কথাটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

২ ▸ যাহাদের লইয়া সমাজ গঠিত হইবে, তাহাদের মধ্যে দৃঢ় যোগসূত্র চাই। জীবনযাত্রা যত জটিল ও ব্যাপক হইবে অপরের সঙ্গে সংযোগের উপলক্ষ্যও তত অধিক জুটিবে। যে সমাজ চিরকাল ধরিয়া বিশেষ বিশেষ শ্রেণিকে দৃঢ়ভাবে সেই সেই শ্রেণিতেই আবদ্ধ রাখিবার ব্যবস্থা করিয়া দেয়, সেই সমাজের প্রত্যেকে আপন ক্ষুদ্র সমাজের মধ্যে যোগ্যতানুসারে উচ্চ উচ্চ স্থান অধিকার করার সুযোগ পাইলেও সম্প্রদায়কে অতিক্রম করিয়া, মানুষের অধিকার লাভ করিয়া অবাধ উন্নতির সুযোগ পায় না।

ক. রাষ্ট্রের বৃহত্তর দায়িত্ব কী? ১
খ. স্রেফ সদিচ্ছার দ্বারা মানব-কল্যাণ সাধিত হয় না কেন? ২
গ. উদ্দীপকে 'মানব-কল্যাণ' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'মানব-কল্যাণ' প্রবন্ধের বিষয় কি এক? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ দ্বিতীয় বিশ্বযুদ্ধ সমগ্র মানবজাতির জন্য যে ধ্বংসযজ্ঞ ও দানবীয় হিংস্রতার দৃষ্টান্ত সৃষ্টি করে তা তুলনাহীন। দুর্ভিক্ষ, মানবসংকট, মূল্যবোধের বিপর্যয়, চাকরিচ্যুতির প্রবলতর আঘাত একদিকে মানুষের জীবন্ময়তাকে করেছে ব্যাহত অন্যদিকে অন্যায়-অবিচার ও বঞ্চনার বিরুদ্ধে বিদ্রোহ বা প্রতিবাদী মনোভাবও ইতিবাচক জীবনাগ্রহকে করেছে বাঙ্ময়। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় ব্যক্তিক প্রতিবাদ শোষকশ্রেণির নিষ্ঠুরতার সামনে ব্যর্থ হলেও সামষ্টিক প্রতিরোধ সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে, সংকটের পাশাপাশি মানবমনে সুগভীর সংগ্রামীচেতনা জাগ্রত হয়েছে। মানুষ হয়ে উঠেছে সংগ্রামের মূর্ত প্রতীক।

ক. শহরের বাজারে কোন জিনিসের দাম চড়া? ১
খ. মাসি-পিসি বুকে নতুন জোর পায় কেন? ২
গ. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'মাসি-পিসি' গল্পের জীবন ও সমাজবাস্তবতাকে পরিপূর্ণরূপে ধারণ করেছে।"— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৪ ▸ আজও স্বচ্ছ চাঁদ উঠেছে দিগন্তজুড়ে। কিছুক্ষণ আগে ঝুম বৃষ্টি ছিল, মেঘে চাঁদটা ঢাকা পড়ে ছিল। বৃষ্টির কারণে মেঘ কেটে গেছে। আমি বড্ড ক্লান্ত। চোখে রাজ্যের ঘুম। ওরা আমাকে ঘুমোতে দিচ্ছে না। আমার হাত দুটো পেছনে বাঁধা। পা দুটোও। পৃথিবীটাকে শেষবারের মতো দেখানোর জন্য হয়তো ওরা আমার চোখ দুটো খুলে দিয়েছে। কিংবা নৃশংসতার বীভৎস রূপ দেখানোর জন্য। কিন্তু ওরা জানে না, যে চোখ মায়ের ভালোবাসা দেখতে অভ্যস্ত, ভোরের শিশির আর রক্তিম সূর্য দেখতে অভ্যস্ত, সে চোখ কখনো হার মানে না। ওরা জানে না আহত হৃদয় বহ্নিজ্বালা নিয়ে জ্বলে উঠলে তা কতটা ভয়ানক হয়। সূর্যের প্রখরতা কতখানি উত্তাপ জাগায় আহত শরীরে।

ক. মগবাজারের ফ্ল্যাট থেকে মিন্টু কবে চলে গিয়েছিল? ১
খ. চাবুকের বাড়িগুলো নুরুল হুদার কাছে স্রেফ উৎপাত বলে মনে হয় কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের সাদৃশ্যগত দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের গল্পকথক ও 'রেইনকোট' গল্পের নুরুল হুদার মানসিকতা একই ধারায় উৎসারিত।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## খ অংশ—কবিতা

৫ ▸ অধিক করি না আশা, কিসের বিষাদ/জন্মেছি দু দিনের তরে
যাহা মনে আসে তাই আপনার মনে/গান গাই আপনার মনে
এ আমার গানগুলি দু দণ্ডের গান/রবে না রবে না চিরদিন—
পুরব আকাশ হতে উঠিবে উচ্ছ্বাস,/পশ্চিমেতে হইবে বিলীন।

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. 'শূন্য নদীর তীরে রহিনু পড়ি' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকের সাথে 'সোনার তরী' কবিতার চেতনাগত সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'সোনার তরী' কবিতায় বর্ণিত কবির জীবনদর্শনকে সম্পূর্ণভাব ধারণ করেছে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬ ▸ আকাশের সঙ্গে কত কথা হয় রোজ। কষ্টের কথা, সুরের কথা। একদিন আকাশভরা জ্যোৎস্নায় গা ভেসে যাচ্ছিল আমাদের। তুমি দু চারটি কষ্টের কথা বলে নিজের লেখা একটি গান শুনিয়েছিলে। "ভালো আছি ভালো থেকো, আকাশের ঠিকানায় চিঠি লিখো।" ..... সেবার আরমানিটোলার বাড়িতে বসে দিলে আকাশের ঠিকানা। তুমি পাবে তো এই চিঠি? জীবন এবং জগতের তৃষ্ণা তো মানুষের কখনো মেটে না, তবু মানুষ আর বাঁচে কদিন বলো? দিন তো ফুরোয়। আমার কি দিন ফুরোবে না? তুমি ভালো থেকো। আমি ভালো নেই। [রুদ্রকে লেখা তসলিমা নাসরিনের চিঠির একাংশ]

ক. কবি শীতকে কী বলে কল্পনা করেছেন। ১
খ. 'এসেছে তা ফাগুনে স্মরিয়া' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের বিষয়বস্তু কীভাবে 'তাহারেই পড়ে মনে' কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের বিষয় 'তাহারেই পড়ে মনে' কবিতায় বর্ণিত কবির বেদনাঘন বিষণ্ণতার বহিঃপ্রকাশ।"— উদ্দীপক ও কবিতার আলোকে মন্তব্যটির যথার্থতা আলোচনা কর। ৪

৭ ▸ চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের ঘটনায় ইংরেজ প্রশাসন মাস্টারদাকে জীবিত বা মৃত ধরার সর্বাত্মক প্রচেষ্টা চালায়। ১৯৩৩ সালের ১৬ই ফেব্রুয়ারি রাতে তিনি গ্রেফতার হন। বিচারে ব্রিটিশ সরকার তাঁকে মৃত্যুদণ্ডাদেশ প্রদান করে। মৃত্যুর পূর্বে মাস্টারদা বিপ্লবীদের উদ্দেশ্যে বলেছিলেন, "আমি তোমাদের জন্য রেখে গেলাম মাত্র একটি জিনিস, তা হলো আমার একটি সোনালি স্বপ্ন। স্বাধীনতার স্বপ্ন। প্রিয় কমরেডস, এগিয়ে চলো। সাফল্য আমাদের সুনিশ্চিত।" তাঁর দেখানো বিপ্লবের পথ ধরেই বাঙালিরা শোষক শাসককে পরাজিত করেছে বারবার। মানবিক পৃথিবী বিনির্মাণে মাস্টারদা থাকবেন এক অবিস্মরণীয় আদর্শ হয়ে।

ক. 'কিংবদন্তি' শব্দটি কীসের প্রতীক? ১
খ. একটি উজ্জ্বল জানালা বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার যে বিষয়টি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রেক্ষাপট 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার ভাবসত্যকে কতখানি প্রকাশ করতে পেরেছে? তোমার অভিমত বিশ্লেষণ কর। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▸ মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর 'প্রাগৈতিহাসিক' গল্পে ভিখু চরিত্রটিকে এক অপরিমেয় জীবনীশক্তি দিয়ে সৃষ্টি করেছেন। জীবনকে সর্বতোভাবে উপভোগ করতে চেয়েছে ভিখু। এক এক সময় তার মনে হয় পৃথিবীর যত খাদ্য আছে, যত সুখ আছে তা একা দখল না করতে পারলে তার তৃপ্তি হবে না। বাস্তব জীবনের নানামাত্রিক অন্তরায়ই তার মনকে করে তোলে বিদ্রোহী, প্রতিবাদী ও বিনাশশীল। বর্ষাকালে যে বন বাঘেরও বসবাসের অযোগ্য, সেই বনে বর্শাবিদ্ধ অবস্থায় ক্ষুধাতৃষ্ণা, পোকামাকড়, মশা-মাছি, পিঁপড়া-জোঁক-সাপ-শেয়ালের অত্যাচার উপেক্ষা করেই সে বেঁচে থাকে। মানিক বন্দ্যোপাধ্যায় তার সম্পর্কে বলেছেন, "মরিবে না, সে কিছুতেই মরিবে না। বনের পশু যে অবস্থায় বাঁচে না, সেই অবস্থায়, মানুষ সে, বাঁচিবেই।"

ক. কত গ্রাম পরে বড় নদী? ১
খ. হাসি আর গীত মজিদের ভালো লাগে না কেন? ২
গ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের বৈশিষ্ট্যকে নির্দেশ করেছে— আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের চরম সত্যকে ধারণ করলেও পুরো বিষয়ের প্রতিনিধিত্ব করেনি"— কথাটির সত্যতা বিচার কর। ৪

৯ ▸ দাউ দাউ করে জ্বলে ওঠে আম্বিয়ার ঘর। আম্বিয়া ঘরে বন্দি। গ্রামে আগত নতুন সুফি পিরের মতে আম্বিয়ার ওপর বদ জিনের আছর হয়েছে। জিনের আছর ছাড়াতে নতুন কৌশল। গ্রামের সবাই যে বিষয়টাকে সাদরে নিয়েছে তা নয়। আমির আলি তাদের একজন। কিন্তু তার প্রতিবাদের স্বর ক্ষীণ। সেই স্বর উচ্চ হতে না হতেই সমবেত মানুষের কণ্ঠের উত্তাপে গলে পড়ে। ভেতরে আম্বিয়া আর্তনাদ করে। গগনবিদারী সেই আর্তনাদ। ধোঁয়া ক্রমশ আকাশের দিকে ওঠে। ফুলপুরে মধ্যযুগীয় বর্বরতার আরেক অধ্যায় রচিত হওয়ার পূর্বেই আমির আলি আম্বিয়াকে উদ্ধার করে। ভয়ে জ্ঞান হারিয়েছে আম্বিয়া। সুফি পির মনে মনে হাসেন। তাকে, তার শক্তিকে অবিশ্বাস করার শাস্তি যে বড় কঠোর।

ক. মজিদের কোন কথায় ব্যাপারী হকচকিয়ে ওঠে? ১
খ. 'তার আনুগত্য ধ্রুবতারার মতো অনড়' কথাটি কোন প্রসঙ্গে বলা হয়েছে, ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের কোন দিকটির প্রতিনিধিত্ব করে তা আলোচনা কর। ৩
ঘ. "সজীব প্রাণধর্মকে বিনষ্ট করে আধিপত্য বিস্তারই উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের মূল প্রতিপাদ্য।"— মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▸ রাজতন্ত্রে ক্ষমতা নিয়ন্ত্রণের মূল কেন্দ্রবিন্দু হচ্ছে প্রাসাদ। সিংহাসনের মোহে কখনো পিতা পুত্রকে, কখনো পুত্র পিতাকে ক্ষমতাচ্যুত এমনকি হত্যা করতেও দ্বিধা করেনি। জিউস দেবতাদের রাজা হয়েছিলেন তার পিতা ক্রোনাসকে হত্যা করে। আর ক্রোনাস তার পিতা ইউরেনাসকে ক্ষমতাচ্যুত করে দেবকুলের কুলপতি হয়েছিলেন। রোমান সম্রাট বীর সিজার নিহত হন তাঁর অন্তরঙ্গ আস্থাভাজন ব্রুটাসের হাতে। সম্রাট জাহাঙ্গীরের তৃতীয় পুত্র শাহজাহান তার বাদশাহি তখত নিষ্কণ্টক করতে তার দুই ভাইকে অন্ধ করার পর হত্যা করেন। সম্রাট শাহজাহানের তৃতীয় পুত্র আওরঙ্গজেব তার দুই ভাইকে হত্যা ও অপরজনকে বার্মায় বিতাড়নের মাধ্যমে ক্ষমতা দখল করেন। এরকম ষড়যন্ত্রের জটিল আবর্তে পড়ে একসময় আমরাও দীর্ঘকালের জন্য হারিয়েছিলাম আমাদের স্বাধীনতার সূর্যকে।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে চতুর্থ অঙ্কের দৃশ্যসংখ্যা কত? ১
খ. "আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।"— কথাটির প্রসঙ্গ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি কোন দিক থেকে 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের মূল চেতনাকে ধারণ করতে পেরেছে কি না তা বিশ্লেষণ কর। ৪

১১ ▸ আমাদের মার খাওয়াটাই তো ইতিহাস/আর আমাদের মরাটাই যেন নিয়ম...
কিন্তু ভাবুন তো একবার/কতদিন ধরে কী লড়াইটাই না আমরা চালিয়ে যাচ্ছি
সবাই এক হলে লড়াই এর চেহারাটাই তো পাল্টে যাবে
সত্যি কথা লুকিয়ে রাখতে আমরা ঘৃণা বোধ করি,
তাই স্পষ্ট কথায় জানিয়ে দিচ্ছি—
যারা লাথি মারে ইতিহাস তাদের মুছে ফেলে/যারা লাথি খায় তারাই হাত মুঠো করে উঠে দাঁড়ায়।

ক. মোহাম্মদি বেগ সিরাজকে হত্যা করতে কত টাকা নগদ নিয়েছিল? ১
খ. মৃত্যুর সময় সিরাজউদ্দৌলার মুষ্টিবদ্ধ হাত কীসের বার্তা দেয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি কেন 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে ফুটে ওঠা দিকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের একটি বিশেষ দিককে নির্দেশ করেছে, সমগ্রতাকে নয়।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

# নটর ডেম কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ–গদ্য

১ ▸ কন্যার পিতা রামসুন্দর আমাদের রায়বাহাদুরের হাতে-পায়ে ধরিয়া বলিলেন, 'শুভ কার্য সম্পন্ন হইয়া যাক, আমি নিশ্চয়ই টাকাটা শোধ করিয়া দিব।' রায়বাহাদুর বলিলেন, 'টাকা হাতে না পাইলে বর সভাস্থ করা যাইবে না।' এই দুর্ঘটনায় অন্তঃপুরে একটা কান্না পড়িয়া গেল। ইতোমধ্যে একটা সুবিধা হইল। বর সহসা তার পিতৃদেবের অবাধ্য হইয়া উঠিল। সে বাবাকে বলিয়া বসিল, 'কেনাবেচা-দরদামের কথা আমি বুঝি না; বিবাহ করিতে আসিয়াছি, বিবাহ করিয়া যাইব।'

ক. 'স্বয়ংবরা' শব্দের অর্থ কী? ১
খ. "ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বরের সাথে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের বৈসাদৃশ্য রয়েছে? তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের ঘটনাটি 'অপরিচিতা' গল্পে বর্ণিত সামাজিক অসংগতির দিকটি তুলে ধরতে সক্ষম হয়েছে।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ ভেলরি টেইলর, বাংলাদেশের এক অকৃত্রিম বন্ধুর নাম। ৭২ বছর বয়সি এই মহান ব্যক্তি কর্মজীবনে লাভ করেছেন নানা স্বীকৃতিসহ সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি। স্বেচ্ছাসেবা এবং সম্পূর্ণ আপন প্রচেষ্টায় সিআরপি প্রতিষ্ঠা করে তিনি দুস্থ, নিঃসহায় মানুষের জন্য বিশ্বে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাংলাদেশের সড়ক দুর্ঘটনাসহ বিভিন্ন কারণে পঙ্গুত্বের শিকার হাজার হাজার মানুষকে স্বাভাবিক কর্মজীবনে ফিরিয়ে আনতে তার গড়া সিআরপি নজিরবিহীন ভূমিকা পালন করছে।

ক. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি কত খ্রিষ্টাব্দে রচিত হয়েছে? ১
খ. "বিভক্তিকরণের মনোভাব নিয়ে কারো কল্যাণ করা যায় না।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের ভেলরি টেইলরের কর্মকাণ্ড এবং 'মানব-কল্যাণ' প্রবন্ধের লেখকের প্রত্যাশা যেন একই সূত্রে গাঁথা।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▸ মিছিলটা তখন মেডিকেলের গেট পেরিয়ে কার্জন হলের কাছাকাছি এসে গেছে। তিনজন আমরা পাশাপাশি হাটছিলাম। রাহাত স্লোগান দিচ্ছিল। আর তপুর হাতে ছিল একটা মস্ত প্ল্যাকার্ড। তার ওপর লালকালিতে লেখা ছিল, রাষ্ট্রভাষা বাংলা চাই। মিছিলটা হাইকোর্টের মোড়ে পৌঁছাতে অকস্মাৎ আমাদের সামনের লোকগুলো চিৎকার করে পালাতে লাগল চারপাশে। ব্যাপারটা কী বোঝার আগেই চেয়ে দেখি, প্ল্যাকার্ডসহ মাটিয়ে লুটিয়ে পড়েছে তপু। কপালের ঠিক মাঝখানটায় গেলে একটা গর্ত। আর সে গর্ত দিয়ে নির্ঝরের মতো রক্ত ঝরছে তার।

ক. রেণুর পুরো নাম কী? ১
খ. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটির সাথে 'বায়ান্নর দিনগুলো' রচনার সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'বায়ান্নর দিনগুলো' রচনার আংশিক প্রতিফলন ঘটেছে"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মুক্তিযুদ্ধ চলাকালে একটি ছাত্রাবাস থেকে মিলিটারিরা সুমনকে তুলে নিয়ে যায়। অমানবিক নির্যাতন চালিয়ে তারা তার পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও সুমন নীরব থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ, 'জীবনের চেয়ে দেশ অনেক বড়ো।' নিজেকে একজন দেশপ্রেমী মুক্তিযোদ্ধার সন্তান মনে করায় তার বুক ফুলে ওঠে।

ক. জিওগ্রাফির প্রফেসরের নাম কী? ১
খ. "কিন্তু তার ওম তার শরীরে এখনো লেগেই আছে।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সুমন 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "একাত্তরের মহান মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধারাই ছিলেন আমাদের চেতনার উৎস, প্রেরণার বাতিঘর"– উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে উক্তিটির যথার্থতা তুলে ধর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▸ মায়ের ভাষার মান বাঁচাতে/প্রাণ দিল আজ যারা,
ওদের ভাষা প্রাণ পেল আজ/ওরা যে বাক্‌হারা।

ক. ঘাতকের আস্তানায় ভূলুণ্ঠিত কারা? ১
খ. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'মানবিক বাগান' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন দিকটিকে তুলে ধরেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মূলভাবকে সম্পূর্ণরূপে ধারণ করেছে কি? মতামত দাও। ৪

৬ ▸ ১৯শে মার্চ গাজীপুরে তথা জয়দেবপুরের মাটিতেই সূচিত হয়েছিল বর্বর পাক-হানাদার বাহিনীর বিরুদ্ধে স্বাধীনতাকামী বীর বাঙালির প্রথম সশস্ত্র গণপ্রতিরোধ। বেঙ্গল রেজিমেন্টকে নিরস্ত্র করার উদ্দেশ্যে পাঞ্জাব রেজিমেন্টের একদল সৈন্য জয়দেবপুরে আসবে। এই খবর পেয়ে জনসাধারণ বিক্ষুব্ধ হয়ে ওঠে। জয়দেবপুর রেলওয়ে লেভেল ক্রসিংয়ে মালগাড়ির ওয়াগন বাহিনী উপস্থিত হলেই স্থানীয় সাহসী বীরদের অস্ত্র গর্জে ওঠে।

ক. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? ১
খ. "সে সূর্যকে হৃৎপিণ্ডে ধরে রাখতে পারে না।" ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অংশের সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন পঙ্‌ক্তিটি অধিক সাদৃশ্যপূর্ণ– কেন? ৩
ঘ. "প্রতিরোধের উচ্চারণই কবিতা"– উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ তিতুমীর ছিলেন একজন ব্রিটিশবিরোধী বিপ্লবী। তিনি অত্যাচারী জমিদার ও ব্রিটিশদের বিরুদ্ধে সংগ্রাম করে শহিদ হয়েছেন। তিতুমীর যুদ্ধের অভিজ্ঞতায় বুঝতে পারেন যে, শক্তিশালী ইংরেজ সরকারের বিরুদ্ধে যুদ্ধ করতে হলে প্রয়োজন সমর প্রস্তুতি ও উপযুক্ত সেনা প্রশিক্ষণ। আর তাই সেনাবাহিনীর আত্মরক্ষার প্রয়োজনে তিনি একটি দুর্গ নির্মাণের প্রয়োজনীয়তা গভীরভাবে অনুভব করেন। সময় ও অর্থাভাবে তিনি আপাতত নারিকেলবাড়িয়া নামক স্থানে একটি বাঁশের কেল্লা নির্মাণ করেন। ইতিহাসে এ কেল্লাই নরিকেলবাড়িয়ার 'বাঁশের কেল্লা' নামে পরিচিত। ব্রিটিশ সেনাদের সাথে যুদ্ধরত অবস্থায় এখানেই তাঁর মৃত্যু হয়।

ক. 'নিশাবসান' অর্থ কী? ১
খ. "নিঃক্ষত্রিয় করিব বিশ্ব, আনিব শান্তি শান্ত উদার।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'বিদ্রোহী' কবিতার সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের তিতুমীর যেন 'বিদ্রোহী' কবিতার কবির চেতনাকেই ধারণ করে আছেন।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▸ মানুষ বেঁচে থাকার জন্য শেষ পর্যন্ত লড়াই করে। জীবনের শেষ ক্ষুদ্র অবলম্বনকেও বিসর্জন দিয়ে বাঁচতে চায়। কোনো প্রাণীই এর ব্যতিক্রম নয়, যেমন : বাঘের ক্ষুধা সহ্যের মাত্রা অতিক্রম করলে আপন ছানাদেরকে খেয়েও জীবন বাঁচায়।

ক. 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদের নাম কী? ১
খ. "তাই তারা ছোটে, ছোটে।"– কেন? ২
গ. উদ্দীপকে 'লালসালু' উপন্যাসের কোন দিকটি প্রতিফলিত হয়েছে?– ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের মূল বিষয়বস্তু ধারণ করেছে"– উক্তিটি উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ অল্প-শিক্ষিত মালেক মিয়ার চাকরি পাওয়ার কোনো সম্ভাবনা নেই, বাবার তেমন জমিজমাও নেই চাষ করার। তাই মালেক মিয়া নিরন্তর ভাবছে জীবিকা নিয়ে। একদিন তার মাথায় ধারণা এলো– বাড়ির পিছনের ভাঙা কবরকে মাজার বানালে কেমন হয়। যেমন ভাবনা তেমন কাজ, রাতারাতি ভাঙা কবর পরিষ্কার হয়ে গেল। আরম্ভ হলো জমজমাট মাজার ব্যাবসা। মালেক মিয়ার ভাগ্য খুলে গেল।

ক. 'জাহেল' শব্দের অর্থ কী? ১
খ. "নবাগত লোকটির কোটরাগত চোখে আগুন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মালেক মিয়া 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? তুলে ধর। ৩
ঘ. "অস্তিত্ব টিকিয়ে রাখাই মানুষের সর্বোচ্চ সাধনা।" উক্তিটি উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▸ মানুষের বিরুদ্ধে চক্রান্ত করা একটি ঘৃণ্যতম অপরাধ। যারা এ কাজে লিপ্ত হয় তারা সবার চোখে ঘৃণিত অপরাধী, পাপী। এ সবকিছুর পরও তারা অন্যের বিরুদ্ধে চক্রান্ত করে, নিজেদের উদ্দেশ্য সাধনের জন্য। তারা লোভের বশবর্তী হয়ে মনুষ্যত্ব বিসর্জন দেয়।

ক. "আমি দওলতের পূজারি।" উক্তিটি কার? ১
খ. "সিরাজের পতন কে না চায়?"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন ভাবের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "একজন সফল দেশনায়কের গুণাবলি 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাব সিরাজের মধ্যে থাকলেও ভেতর-বাইরের চক্রান্তই তাঁকে বিড়ম্বনার দিকে ঠেলে দিয়েছে।" বিশ্লেষণ কর। ৪

১১ ▸ আসমা ও সালমা দুই বোন। আসমার দুই সন্তান, সালমার কোনো সন্তান নেই। তাই সালমা, আসমার সন্তানদের মাতৃস্নেহে বড় করে। কিন্তু এ স্নেহ বেশি দিন স্থায়িত্ব লাভ করে না। কারণ আসমা ও সালমার বাবা তাঁর সমস্ত সম্পত্তি আসমার দুই সন্তানকে মৃত্যুর পূর্বে উইল করে দেন। এতে করে সালমা খুব কষ্ট পায় এবং মনে মনে বলে, "আগে জানলে আসমার সন্তানদের ছোটবেলায় মেরে ফেলতাম।"

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম অঙ্কের দ্বিতীয় দৃশ্যের সময়কাল কখন? ১
খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।" কে, কাকে, কেন বলেছে? ২
গ. উদ্দীপকের সালমার সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মিল আছে? তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের আংশিক চিত্র মাত্র।"– বিশ্লেষণ কর। ৪

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ—গদ্য

১ ▶ সাজিদ এবং আসিফ দু'জনেই বিশ্ববিদ্যালয় পড়া সমাপ্ত করে কর্মে যোগদান করেছে। সাজিদ কিছুটা পরনির্ভরশীল। অতিরিক্ত বিনয় ও তোষামোদ করে সে অন্যের মন জুগিয়ে চলে, কিন্তু কাজ শেখার প্রতি তার কোনো আগ্রহ নেই। অপরদিকে আসিফ সব কাজ অত্যন্ত গুরুত্ব দিয়ে করে। কাজ শেখার প্রতি তার অনেক আগ্রহ। দৃঢ়তা ও কর্মনিষ্ঠার গুণে সে স্বাবলম্বী হয়ে ওঠে। অপরদিকে পরনির্ভরশীল সাজিদের গ্রহণযোগ্যতা ক্রমশই কমতে থাকে।

ক. 'কুর্নিশ' শব্দের অর্থ কী? ১
খ. 'আমার পথ' প্রবন্ধে লেখক নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন কেন? ২
গ. উদ্দীপকের সাজিদের মধ্যে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের আসিফ 'আমার পথ' প্রবন্ধের লেখকের প্রতিভূ।"— মন্তব্যটি বিচার কর। ৪

২ ▶ ধলেশ্বরী নদীর তীরে পিসিদের গ্রামে,
তাঁর দেওরের মেয়ে,
অভাগার সাথে তার বিবাহের ছিল ঠিকঠাক।
লগ্ন শুভ, নিশ্চিত প্রমাণ পাওয়া গেল—
সেই লগ্নে এসেছি পালিয়ে।
মেয়েটা তো রক্ষে পেলে,
আমি তথৈবচ।
ঘরেতে এল না সে তো, মনে তার নিত্য আসা-যাওয়া
পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদুর।

ক. 'অপরিচিতা' গল্পের মামা অনুপমের চেয়ে কত বছরের বড়? ১
খ. তবে আপনাদের গাড়ি বলিয়া দিই— উক্তিটি কাকে উদ্দেশ্য করে ও কেন করা হয়েছে? ২
গ. অনুপমের কল্পনায় অপরিচিতার সঙ্গে উদ্দীপকের মেয়েটির তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'অপরিচিতা' গল্পের সমগ্র ভাব ধারণ করেনি।"— তোমার মতামতসহ আলোচনা কর। ৪

৩ ▶ গৃহকর্মীর কাজ নিয়ে বিদেশে গিয়েছে লতিফা। বিদেশে কাজ করার বিষয়টি তার এলাকার মানুষ পছন্দ করে না। তিন বছর পর লতিফা বাড়ি ফিরে এলে গ্রামবাসী তার নামে বিচার বসায় এবং তাকে গ্রামছাড়া করার সিদ্ধান্ত নেয়। লতিফা প্রতিবাদী কণ্ঠে বলে, "অসুস্থ স্বামীর চিকিৎসার জন্যই গৃহকর্মীর কাজ করেছি, তাকে ফেলে রেখে কিছুতেই যাব না।"

ক. মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়ত? ১
খ. গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'বিলাসী' গল্পের সাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. লতিফা এবং বিলাসী মানসিক শক্তির দিক থেকে একই রূপ হওয়া সত্ত্বেও 'বিলাসী' গল্পের পরিণতি আরো ভয়াবহ হওয়ার পেছনের কারণসমূহ কী কী বলে তুমি মনে কর? ৪

৪ ▶ ঐ যে মুক্তিফৌজের গেরিলা তৎপরতার কথা বললো— ঢাকার ছ'জায়গায় গ্রেনেড ফুটেছে, আমরা তো সাত আটদিন আগে এ রকম বোমা ফাটার কথা শুনেছিলাম, কিন্তু ঠিক বিশ্বাস করিনি। ব্যাপারটা তাহলে সত্যি? আমার সারা শরীরে কাঁটা দিয়ে উঠল। ব্যাপারটা তাহলে সত্যি। সত্যি সত্যি তাহলে ঢাকার আনাচে কানাচে মুক্তিফৌজের গেরিলারা প্রতিঘাতের ছোট ছোট স্ফুলিঙ্গ জ্বালাতে শুরু করেছে।

ক. 'সাবভার্সিভ অ্যাকটিভিটিজ' বলতে কী বোঝ? ১
খ. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।"— কোন প্রসঙ্গে এবং কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের কোন দিকটির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মুক্তিযোদ্ধাদের প্রতিঘাতের ছোট ছোট স্ফুলিঙ্গ একসময় দাবানলে রূপ নেয়।'— উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## খ অংশ—কবিতা

৫ ▶ আধুনিক বাংলা কবিতায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য চিরস্মরণীয় হয়ে আছেন কবি মাইকেল মধুসূদন দত্ত। অমিত্রাক্ষর ছন্দ ব্যবহার করে তিনি বাংলা কবিতাকে মুক্তি দিয়েছেন। আজ তিনি নেই কিন্তু তাঁর সৃষ্টিকর্ম আছে এবং থাকবে।

ক. 'সোনার তরী' কবিতায় উল্লিখিত মাঝি কীসের প্রতীক? ১
খ. "ওগো, তুমি কোথা যাও কোন বিদেশে?" কবি 'বিদেশ' শব্দ দিয়ে কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার সাদৃশ্যসূত্র চিহ্নিত কর। ৩
ঘ. "আজ তিনি নেই কিন্তু তাঁর সৃষ্টিকর্ম আছে এবং থাকবে।"— উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬ ▶ মানুষ মানুষের জন্য/জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি/মানুষ পেতে পারে না
ও বন্ধু—

ক. কবি কাকে 'বুকভরা গান' উপহার দেন? ১
খ. "মোর বুকে যেবা কবর বেঁধেছে আমি তার বুক ভরি।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'প্রতিদান' কবিতার ভাবগত সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. 'মানুষ মানুষের জন্য'— উদ্দীপক ও 'প্রতিদান' কবিতার আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭ ▶ সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের ধারক ও বাহক আমরা বাঙালি জাতি। মাস্টার দা সূর্যসেন, ক্ষুদিরাম, প্রফুল্ল চাকী, প্রীতিলতা ওয়াদ্দেদার প্রমুখ সূর্যসন্তানদের আত্মত্যাগ আমাদের অমিত প্রেরণার উৎসভূমি। তাইতো আজও কোনো সংকটের মুহূর্তে বাঙালির কানে বাজে মহাপুরুষের অমর বাণী— "ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থেমো না।"

ক. কবির পূর্বপুরুষ কেমন জমি আবাদের কথা বলতেন? ১
খ. সূর্যকে হৃৎপিণ্ডে ধরে রাখা বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর। ২
গ. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাথে উদ্দীপকের সাদৃশ্যমূলক দিকটি আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি বাঙালির গৌরবকেই নির্দেশ করে।"— মন্তব্যটি স্বীকার কর কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▶ হোসেন মিয়া এক রহস্যময় চরিত্র। প্রথম জীবনে চাল-চুলাহীন অবস্থায় কেতুপুর গ্রামের জহর মাঝির বাড়িতে আশ্রয় নিলেও পরবর্তীকালে তিনি এই এলাকার বিশেষ একজন হয়ে ওঠেন। সকলকেই তিনি মিয়া বলে সম্বোধন করেন, কথা বলেন হাসি মুখে, এগিয়ে আসেন সবার বিপদে-আপদে। কিন্তু মনে তার অন্য চিন্তা। সবার অজান্তে অবৈধ ব্যবসায় করে তিনি গড়ে তুলেছেন বিশাল প্রতিপত্তি।

ক. 'নিরাক পড়া'— শব্দের অর্থ কী? ১
খ. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের হোসেন মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "স্বার্থরক্ষায় উদ্দীপকের হোসেন মিয়া এবং 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্র একই পথের পথিক।"— উক্তিটির যথার্থতা প্রতিপন্ন কর। ৪

৯ ▶ কাজীপুর গ্রাম থেকে শহর অনেকটা দূরে অবস্থিত। প্রকৃতি উদার হাতে এ অঞ্চলের মানুষকে শস্য ও সম্পদে সুখী রেখেছে। এ অঞ্চলের মানুষের দিন কাটে ফসলের খেতে, গৃহস্থালি কাজে, হাসি-উৎসবে ও প্রচলিত বিশ্বাসে। এ গ্রামের মাতব্বর ফরমান আলীর বাড়িতে এক পড়ন্ত বিকেলে মতলব মিয়া নামে অচেনা এক দরবেশের আগমন। দুর্গম পথ পার হয়ে আসা মতলব মিয়ার চোখে-মুখে আশঙ্কা, উদ্বেগ ও স্বপ্নের বিচিত্র আভাস। সবার সামনে সে নিজেকে পির হিসেবে পরিচয় দিয়ে নানা রকম অলৌকিক কর্মকাণ্ডের গল্প শুরু করে।

ক. "মরা মানুষ জিন্দা হয় ক্যামনে?"— উক্তিটি কার? ১
খ. "গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মতলব মিয়া এবং 'লালসালু' উপন্যাসের মজিদ আত্মপরিচয়দানে ও আত্মপ্রকাশে কতটা অভিন্ন? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের গ্রামজীবন যেন 'লালসালু' উপন্যাসের গ্রামজীবনের খণ্ডিত রূপ।— এ মন্তব্য কতটা যৌক্তিক? মূল্যায়ন কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▶ করিম মিয়ার খুব কাছের লোক ছিল শিহাবউদ্দীন। করিম মিয়া শিহাবউদ্দীনকে বিশ্বাস করে তার জমিজমা দেখাশোনার ভার দেয়। কিন্তু একদিন করিম মিয়া দেখে তার সম্পত্তি শিহাবউদ্দীনের নামে হয়ে আছে। সে ভাবল এতদিন সে ভুল মানুষকে বিশ্বাস করেছে। বিশ্বাস করা ভালো, অন্ধবিশ্বাস কখনো কখনো মানুষকে সর্বনাশ করে ফেলে।

ক. কোম্পানির ঘুসখোর ডাক্তার কে? ১
খ. "শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শিহাবউদ্দীন 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? যুক্তিসহ বুঝিয়ে দাও। ৩
ঘ. "বিশ্বাস করা ভালো, কিন্তু অন্ধবিশ্বাস কখনো কখনো মানুষকে সর্বনাশ করে ফেলে।"— 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ ইতিহাসের এক বীর চরিত্র মহীশূরের টিপু সুলতান। ইংরেজদের বিরুদ্ধে টিপু যুদ্ধ করে প্রাণ দিয়েছিলেন। চতুর ইংরেজ টিপুর দরবারের এক উচ্চাভিলাষী সেনাপতিকে হাত করেছিল। এই সেনাপতি গোপনে টিপুর সব খবর ইংরেজদের কাছে পৌঁছে দিত। যুদ্ধের এক পর্যায়ে সে দুর্গের দরজা খুলে দিলে ইংরেজরা দুর্গে প্রবেশ করে। নিজ লোকের বিশ্বাসঘাতকতায় টিপু প্রাণ হারান।

ক. সিরাজউদ্দৌলা কোথায় বন্দি হন? ১
খ. "শুভ কাজ অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সেনাপতির সঙ্গে তোমার পঠিত নাটকের কোন চরিত্রের মিল রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "টিপু সুলতান এবং নবাব সিরাজউদ্দৌলার জীবনের নির্মম পরিণতি একই সূত্রে গাঁথা।"— মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ–গদ্য

১ ▸ সাহিত্যের নামকরণ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। সাধারণত লেখকের অভিপ্রেত উদ্দেশ্যের সংঘবদ্ধ রূপই হচ্ছে নামকরণ। সাধারণত নামকরণ হয় চরিত্রমূলক বা ব্যঞ্জনামূলক। চরিত্রমূলক নামকরণের ক্ষেত্রে কোনো উদ্দিষ্ট চরিত্রের বিবর্তনের মধ্য দিয়ে লেখক তাঁর বক্তব্যকে প্রকাশ করে থাকেন। ব্যঞ্জনামূলক নামকরণের ক্ষেত্রে ঘটনা বা কাহিনি মুখ্য হয়ে থাকে। নানা দিক থেকে তার অর্থ পাওয়া যায়।

ক. 'গণ্ডূষ' শব্দের অর্থ কী? ১
খ. "মেয়ের চেয়ে মেয়ের বাপের খবরটাই তাহার কাছে গুরুতর"– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. 'অপরিচিতা' গল্পের শীর্ষ মুহূর্তকে বিশ্লেষণপূর্বক উদ্দীপকের সাথে কল্যাণীর শুচিশুভ্র আত্মপ্রকাশের সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের বিষয়বস্তু অনুসারে 'অপরিচিতা' গল্পের নামকরণের সার্থকতা বিচার কর। ৪

২ ▸ পুরুষতান্ত্রিক সমাজে নারীরা শারীরিক মানসিক নানান নির্যাতনের শিকার হয় প্রতিনিয়ত। কিন্তু সচেতনতার অভাবে নারীরা কোনো প্রতিবাদ করে না, আইনের আশ্রয়ও নেয় না, আবার অনেক সময় চাইলেও তারা আইনের আশ্রয় নিতে পারে না সমাজ সন্তানের কথা ভেবে। নারীর ওপর পুরুষের একচেটিয়া ক্ষমতার ফলে সাম্প্রতিক সময়ে এ ধরনের নির্যাতন আরও বেড়ে চলেছে। নারীর প্রতি সহিংসতা সভ্য সমাজের অভিশাপ। তাই যেকোনো মূল্যে এ অভিশাপ থেকে আমাদের মুক্ত হতে হবে।

ক. আহ্লাদির স্বামীর নাম কী? ১
খ. মাসির ওপর পিসির একটা অবজ্ঞার ভাব ছিল কেন? ২
গ. উদ্দীপকের নির্যাতনের চিত্র 'মাসি-পিসি' গল্পে কীভাবে প্রতিফলিত হয়েছে– নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ উক্তিটির সঙ্গে 'মাসি-পিসি' গল্পের তুলনামূলক আলোচনা কর। ৪

৩ ▸ মানবজীবনের ভুল-ত্রুটি হওয়া খুবই স্বাভাবিক ব্যাপার। তাই বলে ভুলের মধ্যে জীবনকে ভাসিয়ে দেওয়া কোনো বুদ্ধিমানের কাজ নয়। জীবনে ভুলকে একটা শিক্ষা ভাবতে হবে। তবেই মানুষ প্রকৃত পথে ফিরে আসতে পারবে। কেননা ভুল থেকে শিক্ষা নিয়ে পথ চলাতেই জীবনের সার্থকতা।

ক. কাদের পক্ষেই কেবল অসাধ্য-সাধন করা সম্ভব? ১
খ. "মানুষ ধর্মই সবচেয়ে বড় ধর্ম।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ– নির্ণয় কর। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'আমার পথ' প্রবন্ধের একটি দিকমাত্র, প্রবন্ধের বিষয়বস্তু আরও বিস্তৃত।"– আলোচনা কর। ৪

৪ ▸ স্বাধীনতা যুদ্ধের নয় মাসে এদেশের মানুষ অত্যাচারিত হয়েছে, প্রাণ দিয়েছে। মা-বোনেরা সম্ভ্রম হারিয়েছে। জ্বালিয়ে-গুঁড়িয়ে দেওয়া হয়েছে শহর বন্দর গ্রাম। হানাদারের দোসর রাজাকার, আলবদর, আলশামস ও তথাকথিত শান্তি বাহিনীর সদস্যরা পাকিস্তানিদের সহায়ক শক্তি হিসেবে কাজ করেছে। এই হিংস্রতা, বর্বরতা, অন্যায় আগ্রাসন মুখ বুজে সহ্য করেনি বাংলার মানুষ। যার যা ছিল তা নিয়েই প্রতিরোধ সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে ছিনিয়ে এনেছে কাঙ্ক্ষিত বিজয়।

ক. আখতারুজ্জামান ইলিয়াস কত সালে জন্মগ্রহণ করেন? ১
খ. "এ তো ভাবনার কথা।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'রেইনকোট' গল্পে সাদৃশ্য রয়েছে কি– নির্ণয় কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের খণ্ডাংশ।"– আলোচনা কর। ৪

## খ অংশ–কবিতা

৫ ▸ ওরে মোর মূঢ় মেয়ে!/কে রে তুই, কোথা হতে কী শকতি পেয়ে
কহিলি এমন কথা এত স্পর্ধাভরে–/"যেতে নাহি দিব তোমায়।" চরাচরে
কাহারে রাখিবি ধরে' দুটি ছোট হাতে, /গরবিনি সংগ্রাম করিবি কার সাথে
বসি গৃহদ্বারপ্রান্তে শ্রান্ত ক্ষুদ্র দেহ/শুধু লয়ে ঐটুকু বুকভরা স্নেহ।

ক. 'গরজে' শব্দের অর্থ কী? ১
খ. 'বারেক ভিড়াও তরী কূলেতে এসে।'– বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকটিতে 'সোনার তরী' কাব্যের গভীর জীবনদর্শনের পরিচয় কতটুকু প্রকাশ পেয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'সোনার তরী' কবিতার ভাববস্তু সম্পূর্ণভাবে প্রতিফলিত হয়নি।"– উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬ ▸ ভয় করেনি কার্ফ্যুজারি বারুদ ভরা নলকে/মিছিল সভায় গর্জে ওঠে ঝলকে।
রাষ্ট্রভাষা বাংলাকে চাই আমরা বাঙাল পুত্র/তাই পেয়ে যায় জিন্না দলে রক্ত খাবার সূত্র
মিছিল দেখে চালায় গুলি চালায় টিয়ার শেল/ছাত্র যুবক বন্দি করে ভরল ঢাকার জেল।

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়? ১
খ. আঠারো বছর বয়সে সহস্র প্রাণ ক্ষত-বিক্ষত হয় কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. 'এ বয়স তবু নতুন কিছু তো করে'– উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ বিদেশি সেনার কামানে-বুলেটে বিদ্ধ/নারী শিশু আর যুবক-জোয়ান বৃদ্ধ
শত্রুসেনারা হত্যার অভিযানে/মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।
মুক্তির পথ যুদ্ধের রথ জেনে/ঘাতক ধ্বংস করেছে অস্ত্র হেনে

ক. কবি শামসুর রাহমানের কবিতা প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়? ১
খ. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কবি 'মানবিক বাগান' বলতে কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের শেষ তিন চরণ 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটির সাথে কীভাবে মেলবন্ধন রচনা করেছে– উপস্থাপন কর। ৩
ঘ. উদ্দীপকের বক্তব্য 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার খণ্ডাংশ মাত্র– যৌক্তিকতা দেখাও। ৪

## গ অংশ–উপন্যাস

৮ ▸ ঐ যে বাঁধানো কবরগুলো, এগুলো অনেক কালের পুরানো। তখন ছিল বাদশাহী আমল আর আমাদের এই ছোট্ট গ্রামটাই ছিল 'ওলীনগর' বলে একটি মাঝারি গোছের শহর... এই যে একা কবরস্থানে এসে কত রাত্তির ধরে শুধু কেঁদেছি, কিন্তু এত কান্না এত ব্যাকুল আহ্বানেও ত যাই তাঁর এতটুকু সাড়া পাওয়া গেল না। তিনি কি এতই ঘুমুচ্ছেন? কী গভীর মহানিদ্রা সে? আমার এত বুকফাটা কান্নায় এত আকাশচেরা চিৎকারের এতটুকু কি তাঁর কানে গেল না?

[**তথ্যসূত্র :** স্বামীহারা– কাজী নজরুল ইসলাম]

ক. 'লালসালু' উপন্যাসের ইংরেজি অনুবাদক কে? ১
খ. "যেন বিশাল সূর্যোদয় হয়েছে, আর সে আলোয় প্রদীপের আলো নিশ্চিহ্ন হয়ে গেছে।"– বিষয়টি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের বিষয়ের সাদৃশ্য থাকলেও উপন্যাসের ভাবের গভীরতা অনেক দূর পর্যন্ত বিস্তৃত।"– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৯ ▸ বিশ্ববিদ্যালয়ের পাঠ শেষে মামুন চাকরির চিন্তা বাদ রেখে এক মহৎ স্বপ্নের তাড়নায় গ্রামে ফিরে আসে। অনেক চেষ্টা ও শ্রমের ফলে সে গ্রামে সরকার অনুমোদিত একটি স্কুল প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। গ্রামের চেয়ারম্যান ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের সহায়তায় এগিয়ে চলে মামুনের স্বপ্নের বিদ্যালয়টি। মামুন এখন গ্রামের মানুষের কাছে এক অনুকরণীয় সম্মানিত ব্যক্তি।

ক. 'লালসালু' উপন্যাস কত সালে প্রথম প্রকাশিত হয়? ১
খ. "এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, সচ্ছলতার শিকড়গাড়া বৃক্ষ।"– উদ্ধৃতিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেয়ারম্যান ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের ভূমিকা 'লালসালু' উপন্যাসের কোন ঘটনাংশের সাদৃশ্য বা বৈসাদৃশ্য?– আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মামুন চরিত্রটি 'লালসালু' উপন্যাসের অপূর্ণ একটি সম্ভাবনার বাস্তব প্রতিফলন।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## ঘ অংশ–নাটক

১০ ▸ ইতিহাস বলে সম্রাট বাবরের মৃত্যুর পর তার জ্যেষ্ঠপুত্র হুমায়ুন যখন সিংহাসনে বসেন, তখন তার বয়স মাত্র বাইশ বছর। একদিকে অল্প বয়সে শাসনকার্যের গুরুদায়িত্ব, অন্যদিকে সিংহাসনে বসার পর থেকেই চলে নানামুখী ষড়যন্ত্র। এ রকম প্রতিকূল পরিস্থিতিতেও যুবক শাসক হুমায়ুন ঠিকভাবে হাল ধরে অত্যন্ত সাহসিকতায় শাসনকার্য চালিয়ে যান। হুমায়ুনের ভাইয়েরা এবং আত্মীয়-স্বজনেরা যদিও সহযোগিতার পরিবর্তে ষড়যন্ত্রে লিপ্ত ছিল, তথাপি দুর্দান্ত প্রতাপে শক্ত হাতে সবকিছুর মোকাবিলা করেন তিনি।

ক. সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম কী? ১
খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।"– উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের হুমায়ুনের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মিল রয়েছে এবং কীভাবে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের হুমায়ুনের জীবনের শেষ পরিণতি আর 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাব সিরাজউদ্দৌলার জীবনের শেষ পরিণতি এক রকম নয়।"– মন্তব্যটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

১১ ▸ 'বিসর্জন' নাটকে সন্তানতুল্য ছাগশিশুকে দেবীর মন্দিরে বলি দেওয়ার কারণে শোকার্ত ভিখারি অপর্ণা। সে রাজা গোবিন্দ মাণিক্যের কাছে বিচারপ্রার্থী হয়। সন্তানহারা ভিখারির দুঃখ রাজচিত্তকে আহত করে। রাজা রাজ্যে পশু বলি নিষিদ্ধ ঘোষণা করেন। কিন্তু তাঁর এ আদেশ মেনে নিতে পারেন না রাজ-পুরোহিত রঘুপতি। তিনি রাজার অনুজ নক্ষত্র রায়কে রাজ্য লোভে বশ করে রাজাকে হত্যা করতে রাজি করান।

ক. "আর দেখা হবে না। আর কেউ রইল না।"– নবাব কাকে এই কথা বলেছেন? ১
খ. "আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।"– উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকের নক্ষত্র রায়ের সঙ্গে "সিরাজউদ্দৌলা" নাটকের ঘসেটি বেগমের সাদৃশ্য দেখাও। ৩
ঘ. "উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের বিষয়বস্তুর আংশিক প্রতিফলন ঘটেছে।"– তোমার মতামত দাও। ৪

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ—গদ্য

১ ▶ শহরের গৃহকর্মী মায়ের সন্তান আরিফ আর ধনী ব্যবসায়ী বাবার সন্তান আসিফ। দুজনের বন্ধুত্ব অত্যন্ত সুদৃঢ় হলেও আসিফের বাবা আরিফের মেলামেশা, বাসায় আসা এবং ড্রয়িং রুমে আপ্যায়ন মেনে নেন না। আরিফকে বাসায় আসতে তিনি কঠোরভাবে নিষেধ করেছেন। এমনকি আরিফকে অকথ্য ভাষায় বকাবকি করে বাড়ি থেকে তাড়িয়ে দিয়েছেন। সম্প্রতি ডেঙ্গু আক্রান্ত সংকটাপন্ন বন্ধু আসিফকে আরিফই রক্ত দিয়েছে, জীবন বাঁচিয়ে মানবিক দৃষ্টান্ত রেখেছে।

ক. 'সাইবেরিয়া' এশিয়ার কোন অঞ্চলে অবস্থিত? ১
খ. 'সে কত বড় সাহসের কাজ!' সপ্রসঙ্গ উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'বাবা' 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মানসিকতার সাথে সংগতিপূর্ণ? ৩
ঘ. "পরিবেশ ও সময়ের ভিন্নতা থাকলেও উদ্দীপক ও 'বিলাসী' গল্পের বিষয়বস্তু একই বাস্তবতা ধারণ করেছে।" উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ মাস ছয়েক আগে স্বামী জাভেদের সঙ্গে রাগারাগি করে কল্পনা চলে আসে। নেশাখোর স্বামীর নেশার টাকা জোগাতে পারেনি বলে প্রায়ই মারধর করত তাকে। বলত ভাইয়ের কাছ থেকে টাকা এনে দিতে। মা-বাবা হারিয়ে ভাইয়ের কাছেই তো সে মানুষ। সেই ভাইকে আর নতুন করে কোনো কষ্ট দিতে চায়নি কল্পনা। বেঁচে থাকার জন্য উপার্জনের কোনো না কোনো পথ তাকে খুঁজে নিতেই হবে। বাসাবাড়িতে ঝিয়ের কাজ করে হলেও নিজের পথ সে নিজেই করে নেবে। তবু ফিরে যাবে না অমন স্বামীর সংসারে।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকৃত নাম কী? ১
খ. 'ঈষৎ তন্দ্রার ঘোরে শিউরে ওঠে আহ্লাদি'— কেন? ২
গ. উদ্দীপকে বর্ণিত জাভেদ চরিত্রের সঙ্গে 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে— আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের কল্পনা চরিত্রে 'মাসি-পিসি' গল্পের কোন কোন চরিত্রের মানসিকতা প্রতিফলিত হয়েছে— কীভাবে, বিশ্লেষণ কর। ৪

৩ ▶ আবদুল হকের লেখা রোজনামচার সংকলন 'স্মৃতিসঞ্চয়' বইটি পড়ছে সামিরা। বিভিন্ন অংশের বর্ণনা পড়তে গিয়ে গা শিউড়ে উঠছে তার। কত মানুষকে কতভাবে নির্যাতন করেছে পাক হানাদার বাহিনী। বাড়িঘর জ্বালিয়ে, অসহায় নারীর সম্ভ্রম লুটে, কত মানুষকে বিনা অপরাধে কাতারবন্দি করে গুলি চালিয়ে নির্মমভাবে হত্যাযজ্ঞ চালিয়েছে তারা। মুক্তিবাহিনীর সদস্য সন্দেহে একবার রাজশাহীতে কায়সার নামের এক কলেজছাত্রকে পাক বাহিনী তাদের ক্যাম্পে ধরে নিয়ে যায়। অনেকভাবে শারীরিক নির্যাতন করেও কোনো কথা তার মুখ থেকে বের করতে পারে না। শেষ পর্যন্ত মৃত্যুর কোলে ঢলে পড়ে কায়সার।

ক. 'রেইনকোট' গল্পটি কোন গল্পগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. 'এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা'— একথার তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকে বর্ণিত কায়সার চরিত্রের সঙ্গে 'রেইনকোট' গল্পের কোন চরিত্রটি সাদৃশ্যপূর্ণ— আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাববস্তু 'রেইনকোট' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ রমিজ দরিদ্র পরিবারের সন্তান। তাকে গ্রামের সবাই চেনে। রমিজ মেধাবী, সে অন্যায়ের সাথে কখনো আপস করে না, শত বিপদেও ধৈর্য হারায় না। রমিজ স্বাধীনচেতা, সে নিজেই নিজের কর্ণধার, আপন সত্যে অবিচল। অনেক সময় অন্যায়ের প্রতিবাদ করতে গিয়ে তাকে মাশুল দিতে হয়েছে। তবু সে মাথা নোয়ায়নি। সে জানে সত্য আর ন্যায়ের পথেই জয় আসবে।

ক. কত সালে কাজী নজরুল ইসলাম বাঙালি পল্টনে যোগ দেন? ১
খ. "মানুষ ধর্মই সবচেয়ে বড় ধর্ম।" উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রমিজের সত্যে অবিচলতা 'আমার পথ' প্রবন্ধে কীভাবে প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "নিজেই নিজের কর্ণধার হতে পারার মতো বড় সার্থকতা আর নেই।" উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধ অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## খ অংশ—কবিতা

৫ ▶ মৃত্যু মানেই মুক্তি, জীবনের অন্তিম লগ্ন,
মৃত্যু পূর্বনির্ধারিত, যায় না তাকে টলানো।
তবুও সবাই কেন মিছে মৃত্যুকে পায় ভয়,
জন্মিলে মরিতে হয়, অমর তো কেউই নয়।
এসেছি খালি হাতে, যাব মোরা তাই,
কর্মই হোক উত্তম, তাহার জুড়ি নাই।

ক. 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন ধরনের রচনা? ১
খ. "ঠাঁই নাই, ঠাঁই নাই ছোট সে তরী।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সোনার তরী' কবিতার কোন দিকের ইঙ্গিত পরিস্ফুটিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের শেষ চরণটি 'সোনার তরী' কবিতার মূল সুরের প্রতিধ্বনি।"— মন্তব্যটির আলোকে কবির জীবন-দর্শন বিশ্লেষণ কর। ৪

৬ ▶ প্রাচীনকাল থেকেই বাংলাদেশ ঘা খেয়ে, পোড় খেয়ে, গ্লানি থেকে মুক্তি পেয়ে বি-জাতি, বি-ভাষীদের শাসন-শোষণের জাঁতাকলের কশাঘাত থেকে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখার সংগ্রাম চালিয়ে গেছে। সুখ-সমৃদ্ধিতে ঐশ্বর্য ও প্রাণচাঞ্চল্যে ভরপুর এই সুন্দর দেশটি অসংখ্যবার শত্রুর আক্রমণের শিকার হয়েছে। দেশের আপামর জনতা তাদের শৌর্যবীর্য আর আত্মবিশ্বাসে বলীয়ান হয়ে ইস্পাতের মতো রুখে দাঁড়িয়েছে। এই ইতিহাস আমাদের বর্তমান প্রজন্ম থেকে পরবর্তী প্রজন্মের কাছে অমর হয়ে থাকবে।

ক. আবু জাফর ওবায়দুল্লাহ কত সালে মৃত্যুবরণ করেন? ১
খ. "আমি বিচলিত স্নেহের কথা বলছি"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার 'কবি' এবং 'কবিতা' শব্দ দুটি কীভাবে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত সংগ্রামী চেতনা আর 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চেতনা একই সূত্রে গাঁথা।"— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৭ ▶ অলকের জন্ম হলো পরাধীন ভূমিতে। স্বাধীনতার সুখ না পাওয়া অলকের বড় হতে হয়েছে শাসকের শাসন-শোষণ আর নিপীড়নের মধ্যে। এরই মধ্যে চারিদিকে বিদ্রোহ আর বিদ্রোহের বাজনা দেখে স্বাধীনতার দিন-পঞ্জিকা লেখা শুরু করল অলক। ভিনদেশিদের চোখ-রাঙানিকে উপেক্ষা করে স্বপ্ন দেখে এক স্বাধীন দেশের। পরাধীনতার গ্লানি মুছে ফেলে জেগে উঠবে নতুন সূর্য। সেই সূর্যের আলোয় লেখা হবে এক নতুন ইতিহাস, যার প্রচ্ছদ আঁকা হবে রক্তে রক্তে।

ক. 'অগ্নিবীণা' কত সালে প্রকাশিত হয়? ১
খ. "আমি সেই দিন হব শান্ত"— কোন দিন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'বিদ্রোহী' কবিতার কোন দিকের ইঙ্গিত বহন করে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের অলকের ভাবনা যেন 'বিদ্রোহী' কবিতার কবির ভাবনার নামান্তর।"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▶ ওয়াসিকা গ্রামের শিক্ষিত যুবক আমিন, শহর ছেড়ে গ্রামে এসে অশিক্ষিত মানুষগুলোর মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দিতে একটি বিদ্যালয় প্রতিষ্ঠা করতে চেয়েছিল। কিন্তু তার স্বপ্ন পূর্ণ হয়নি এক অপশক্তির প্রভাবে।

ক. 'লালসালু' কোন ধরনের উপন্যাস? ১
খ. "সেচোখে বিন্দুমাত্র খোদার ভয় নেই— মানুষের ভয় তো দূরের কথা"— এ কথার তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকের আমিন 'লালসালু' উপন্যাসের কোন চরিত্র ও ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের অপশক্তি 'লালসালু' উপন্যাসে কোন শক্তির নিদর্শন? আলোচনা কর। ৪

৯ ▶ 'বহিপীর' নাটকের কেন্দ্রীয় চরিত্র বহিপীর। তার বয়স প্রায় ষাট। এই বৃদ্ধ বয়সে সে বিয়ে করে কিশোরী তাহেরাকে। তাহেরা তা মেনে না নিয়ে বাড়ি থেকে পালিয়ে যায়। এসময় বহিপীর পিছু নেয় এবং নানা রকম ধর্মীয় কথা বলে তাকে বোঝাতে চায়। কিন্তু তাহেরা তার সিদ্ধান্তে অটল থাকে। পরিশেষে জয় হয় তাহেরার। আর পরাজিত হয় ধর্মের মুখোশধারী বহিপীরের।

ক. আমেনা বিবির বিবাহিত জীবন কত বছরের? ১
খ. "দুনিয়াটা বিবি বড় কঠিন পরীক্ষাক্ষেত্র।"— কে, কাকে, কী প্রসঙ্গে উক্তিটি করেছে? ২
গ. উদ্দীপকের বহিপীর 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের বৈশিষ্ট্য ধারণ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "প্রসঙ্গ ভিন্ন হলেও উদ্দীপকের তাহেরা এবং উপন্যাসের জমিলা প্রতিবাদী চরিত্র"— উপন্যাস ও উদ্দীপকের আলোকে উক্তিটি বিচার কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▶ দেশকে ভালোবেসে কামাল হোসেন যুদ্ধে যোগ দিয়েছিলেন। শত্রুর গোলার আঘাতে ক্ষত-বিক্ষত হয় তার দেহ। তবুও দেহের শেষ রক্তবিন্দু দিয়ে লড়াই করেছিলেন শত্রুর বিরুদ্ধে। দেশের জন্য সানন্দে নিজের প্রাণ বিলিয়ে দিলেন। কামাল হোসেনের এই আত্মত্যাগ তাকে বাঁচিয়ে রাখবে যুগ যুগ ধরে ইতিহাসের পাতায়।

ক. নবাব সিরাজউদ্দৌলা কাকে আলিনগরের দেওয়ান নিযুক্ত করেন? ১
খ. "সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?" উক্তিটি কেন করা হয়েছে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত চরিত্র 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে?— ব্যাখ্যা কর। ৩
ঘ. "বিপ্লবের মন্ত্রে উজ্জীবিত দেশপ্রেমই সংগ্রামের মূল চালিকাশক্তি।"— 'সিরাজউদ্দৌলা' নাটক অবলম্বনে উক্তিটির মূল্যায়ন কর। ৪

১১ ▶ সড়ক দুর্ঘটনায় আনিসুল হকের গাড়িচালক রকিবুলের মৃত্যু হলে তার স্ত্রী আছিয়া সন্তান আসলামকে নিয়ে নিরুপায় হয়ে পড়ে। নিঃসন্তান আনিসুল হক তাদের আশ্রয় দেন। তিনি আসলামের সমস্ত দায়িত্ব গ্রহণ করেন। কিন্তু আছিয়া তবুও সন্তুষ্ট নয়। তার নজর আনিসুল হকের সম্পত্তির দিকে। সে চায় আনিসুল হকের সম্পত্তি আত্মসাৎ করতে। এজন্য নানা কৌশলের আশ্রয় নিতে থাকে আছিয়া।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের শেষ দৃশ্যের স্থান কোনটি? ১
খ. "আসামির সে অধিকার থাকে নাকি?" —কে, কাকে, কখন বলেছিল? ২
গ. উদ্দীপকের আছিয়া চরিত্র 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের কর্মকাণ্ডকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের বিশ্বাসঘাতকদের মূল উদ্দেশ্য ব্যক্তিস্বার্থ।"— উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# হলি ক্রস কলেজ, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ দৈনিক সংবাদপত্রের শিরোনাম
"যৌতুকের কারণে মানিকগঞ্জে স্বামীর হাতে স্ত্রী খুন"
"যৌতুক একটি সামাজিক ব্যাধি"
"নারী ও শিশুর প্রতি সহিংসতা রোধে এগিয়ে আসুন"
"নারী উদ্যোক্তাদের প্রতি সরকারের আরও সহযোগিতার আশ্বাস"
আন্তর্জাতিক নারী দিবসে ৪ নারী উদ্যোক্তার সফলতার গল্প

ক. মাসি-পিসির গলার আওয়াজ কেমন? ১
খ. "বজ্জাত হোক, খুনে হোক, জামাই তো!"— বক্তব্যটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সংবাদ শিরোনামগুলো 'মাসি-পিসি' গল্পে কীভাবে প্রকাশিত হয়েছে? ৩
ঘ. 'মাসি-পিসি' গল্পটি নারীশক্তি উদ্‌বোধনের অনুপ্রেরণা— উদ্দীপক ও গল্প অনুসারে তোমার শিখনফল লেখ। ৪

২ ▸ "আত্মদীপো ভব, আত্মশরণ্যে ভব, অনন্যে শরণো ভব" নিজেকে প্রদীপ করে তোল। সেই আলোয় নিজের পথ খুঁজে নাও। হে আনন্দ! নিজেই নিজের প্রদীপ হও। নিজে নিজের শরণ লও। বাহিরের কাহারো শরণ লইও না। সত্যের শরণ গ্রহণ কর।

ক. কারা শুধু অসাধ্য সাধন করতে পারবেন বলে নজরুল মনে করেন? ১
খ. নজরুলের মতে কে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না এবং কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'আমার 'পথ' প্রবন্ধের সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. বর্তমান সমাজ ও রাষ্ট্রব্যবস্থার প্রেক্ষাপটে গৌতম বুদ্ধের বাণী এবং কাজী নজরুল ইসলামের একক শক্তিতে অগ্রসর হওয়ার চেতনা তরুণ প্রজন্মকে কতটা অনুপ্রাণিত করে তা উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▸ "পরের হিতের জন্য ভাব যদি নিরবধি।/নিজ সুখ ভুলে গিয়ে ভাবিলে পরের কথা, মুছালে পরের অশ্রু-মুছালে পরের ব্যথা।/আপনাকে বিলাইয়া দীন-দুঃখীদের মাঝে, বিদুরিলে পর দুঃখ সকালে বিকালে সাঁঝে।"

ক. স্রেফ সদিচ্ছা দ্বারা কী সাধিত হয় না? ১
খ. দয়া বা করুণার বশবর্তী হয়ে দান-খয়রাতকে লেখক কেন মানবকল্যাণ বলে মনে করেন না। ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মূলভাব 'মানব-কল্যাণ' প্রবন্ধের মূলভাবকে সামগ্রিকভাবে প্রকাশ করেনি"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মুক্তিযুদ্ধ চলাকালে একটি ছাত্রাবাস থেকে মিলিটারিরা আজাদকে তুলে নিয়ে যায়। পাশব নির্যাতন চালিয়ে তারা তার পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও আজাদ নিশ্চুপ থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ "জীবনের চেয়ে দেশ অনেক বড়"। নিজেকে একজন দেশপ্রেমী মুক্তিযোদ্ধার সন্তান মনে করে গর্বে তার বুক ফুলে ওঠে।

ক. 'রেইনকোট' গল্পে কে এপ্রিলের শুরু থেকে বাংলা বলা ছেড়েছে? ১
খ. 'ক্র্যাক ডাউনের রাত' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আজাদ 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. আজাদের চেতনা 'রেইনকোট' গল্পের মূলভাবকে কতখানি ধারণ করে বলে তুমি মনে কর? তোমার মতামত তুলে ধর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ পুষ্প ফোটে কোন কুঞ্জবনে,/ মাতিল আকুল দখিনা বায়ু সৌরভ চঞ্চল সঞ্চরণে।
বন্ধুহারা মম অন্ধ ঘরে/ আছি বসে অবসন্ন ঘরে
উৎস রাজ কোথায় বিরাজে/ কে লয়ে যাবে সে ভবনে।

ক. কবি সুফিয়া কামাল কত সালে জন্মগ্রহণ করেন? ১
খ. বসন্তের প্রতি কবির উদাসীনতা কেন? ২
গ. উদ্দীপকের প্রথম তিন চরণে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন ভাবের প্রতিফলন ঘটেছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'তাহারেই পড়ে মনে' কবিতার প্রচ্ছন্ন রূপ"— এর সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▸ মোরা ঝঞ্ঝার মত উদ্দাম/মোরা ঝর্ণার মত চঞ্চল,
মোরা বিধাতার মত নির্ভয়/মোরা প্রকৃতির মত সচ্ছল॥
মোরা আকাশের মত বাধাহীন/মোরা মরু সঞ্চার বেদুইন,
বন্ধনহীন জন্ম স্বাধীন/চিত্তমুক্ত শতদল॥
মোরা সিন্ধু জোয়ার কলকল/মোরা পাগলা জোয়ার ঝরঝর।

ক. সুকান্ত ভট্টাচার্য কত সালে মৃত্যুবরণ করেন? ১
খ. 'স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার মিলের দিকটি দেখাও। ৩
ঘ. "উদ্দীপকটি 'আঠারো বছর বয়স' কবিতার খণ্ডাংশ ধারণ করেছে।"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৭ ▸ তার চোখ বাঁধা হলো/ বুটের প্রথম লাথি রক্তাক্ত করলো তার মুখ,
থ্যাঁতলানো ঠোঁটজোড়া লাল-রক্তে একাকার হলো
জিভ নাড়তেই দুটো ভাঙা দাঁত ঝরে পড়লো কংক্রিটে,/ সে এখন মৃত,
তার শরীর ঘিরে থোকা থোকা কৃষ্ণচূড়ার মত/ ছড়িয়ে রয়েছে তাজা রক্ত।

ক. আবু জাফর ওবায়দুল্লাহর রচনায় বিশেষভাবে প্রাধান্য পেয়েছে কী? ১
খ. "আমি বিচলিত স্নেহের কথা বলছি" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন দিকটি উঠে এসেছে? ৩
ঘ. "উদ্দীপকে আমদের রক্তাক্ত ইতিহাসের কথা যেমন বলা হয়েছে, তেমনি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাও আমাদের প্রাচীন রক্তাক্ত ইতিহাস"— মন্তব্যটি ব্যাখ্যা কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ স্বার্থ ও লোভের বশবর্তী হয়ে একশ্রেণির মানুষ কুসংস্কার ও অন্ধবিশ্বাসকে টিকিয়ে রাখতে নানান ভণ্ডামি, মিথ্যাচার ও প্রতারণার আশ্রয় নেয়। জ্ঞান-বিজ্ঞানের এই যুগেও বিশ্বের বিভিন্ন দেশে, বিভিন্ন ধর্মে, বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে আজও এই শোষণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। ধর্মভীরু সহজ-সরল মানুষদের বিশ্বাসকে বিভ্রান্ত করে এরা নিজেদের স্বার্থ সিদ্ধির নিত্যনতুন পন্থা বেছে নিচ্ছে। সাধারণ মানুষের অসুস্থতা, দারিদ্র্য, পারিবারিক সমস্যা এমনকি ব্যক্তিগত সমস্যাতেও এই শ্রেণির মানুষেরা তৎপর। তারা কেউ রমেশ, কেউ র‍্যামন কেউবা রাব্বি নামে পরিচিত।

ক. বতোর দিনে মজিদ কী ভুলে যায়? ১
খ. "কিন্তু কেতাবে যে বিদ্যে লেখা তা কোনো এক বিগত যুগে চড়ায় পড়ে আটকে গেছে"— ব্যাখা কর। ২
গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'লালসালু' উপন্যাসের ভাবগত সামঞ্জস্য তুলে ধর। ৩
ঘ. স্বার্থান্ধ মানুষের প্রতারণার মুখোশ উন্মোচনই 'লালসালু' উপন্যাসের মূল উদ্দেশ্য— উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস অবলম্বনে তোমার শিখনফল লেখ। ৪

৯ ▸ রোজিনা আর শামিমের সংসারে নিত্য অশান্তি লেগেই আছে। ছেলে-মেয়েদের সামনেও তাদের ঝগড়া থামে না। দারিদ্র্যের কারণে তারা শুধু যে ঝগড়া করে তা নয়, রোজিনা হাসি-খুশি মিশুকে মহিলা এটাই শামীমের রাগের কারণ। গ্রামের সবার সাথেই সে হাসি-ঠাট্টা করে দুঃখ-কষ্ট ভুলে থাকতে চায় তা শামিমের পছন্দ না। শামিমের বড় বোন ভাইয়ের সংসারে অশান্তি দেখে পিরের মাজার থেকে পানি-পড়া আর তাবিজ আনতে বলে কিন্তু শামিম ঘরের গোপন কথা গোপনই রাখতে চায়। তাছাড়া এসব তাবিজ কবজে তার খুব একটা বিশ্বাস নেই।

ক. টেঙা বুড়ো কীভাবে নিঃস্ব হয়েছে? ১
খ. "সেদিন সন্ধ্যায় বুড়ো কোথায় চলে গেল।"— কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনা 'লালসালু' উপন্যাসের কোন অংশটিকে তুলে ধরেছে তা বর্ণনা কর। ৩
ঘ. "অন্ধবিশ্বাস আর কুসংস্কার কাটিয়ে সুস্থ জীবনাকাঙ্ক্ষাই 'লালসালু' উপন্যাসের মূল উপজীব্য"— উদ্দীপক ও উপন্যাস অবলম্বনে বক্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ (ক) তবে এসো ভেঙে ফেলি এ দেয়াল/চূর্ণ করি সব ব্যবধান
এসো রাম-রহিমেরা এক সাথে/আমাদের সেই শত্রুর উপর
প্রচণ্ড শক্তিতে প্রত্যাঘাত করি।

(খ) ইতিহাস পথ নিল কুটিল পদ্মার বাঁকে বাঁকে
বারুদের জোয়ার লাগে, পীতাঙ্গ জোয়ার বান ডাকে
এশিয়ার সূর্য ওঠে দোর্দণ্ড প্রতাপে।/আর্তনাদ করে নিতে অগণিত প্রজাপুঞ্জ;
বিশ্বাসঘাতক প্রভু নিয়েছে বিদায়।
যে ক্লীব পালাবে তার মুক্তি নেই আর।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকটিতে কয়টি অঙ্ক ও দৃশ্য আছে? ১
খ. 'আই ডোন্ট সি অ্যালোন, ইউ ক্যান অলসো সি এভরি নাইট।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম অংশের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন কোন চরিত্রের কতটুকু সাদৃশ্য আছে? ৩
ঘ. উদ্দীপক দুটি 'সিরাজউদ্দৌলা' নাটকের ভাবকে পুরোপুরি ধারণ করেছে।— তুমি এই মন্তব্যের সাথে একমত? তোমার মতামত দাও। ৪

১১ ▸ ১৮৩১ সালে স্বাধীনতাকামী দেশপ্রেমিক তিতুমীরের সঙ্গে লেফটেন্যান্ট কর্নেল স্টুয়াডের যুদ্ধ হয় নারিকেল ডাঙায়। যুদ্ধে ব্যবহৃত কামানের আঘাতে তিতুমীরের বাঁশের কেল্লা ভেঙে পড়ে। সাহসিকতা ও প্রচণ্ড বিক্রমের সঙ্গে লড়াই করেও তিতুমীর তার বাহিনীসহ ইংরেজদের কাছে পরাজিত হন এবং তাকে ফাঁসিতে ঝুলিয়ে হত্যা করা হয়। আপাতদৃষ্টিতে এ লড়াই ব্যর্থ মনে হলেও ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে এটি সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করে। তিতুমিরের এই আত্মত্যাগ অনুপ্রেরণা জুগিয়েছে কালে কালে। তিতুমীরের মতো বীরেরা মৃত্যুঞ্জয়, মাতৃভূমির অতন্দ্র প্রহরী।

ক. ফোর্ট উইলিয়াম দুর্গ কোথায়? ১
খ. 'আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।'— ব্যাখ্যা কর। ২
গ. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রতিটি বীরই তিতুমির— উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সাদৃশ্য বিচার কর। ৩
ঘ. 'আপাত ব্যর্থতা থাকলেও বীরের প্রত্যয়ই যুগে যুগে স্বাধীনতার স্পৃহা জোগায়'— বিষয়টি তুমি কীভাবে বিচার করবে? ৪

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ—গদ্য

১ ▶ সৌদামিনী মালোর পালিতপুত্র হরিদাসকে নিয়ে মনোরঞ্জন মালো গ্রামময় প্রচার করে দিল যে সৌদামিনী ভয়ানক শাস্ত্রবিরুদ্ধ পাপকর্ম করেছে। ব্রাহ্মণের জাত মেরেছে সে। সৌদামিনী মালোর সাথে মনোরঞ্জন মালোর শত্রুতা আগে ছিল ব্যক্তিগত এখন তা সমাজগত ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। শুধু একা মনোরঞ্জন মালো নয়, সমস্ত গ্রাম সৌদামিনী মালোর বিরুদ্ধে জুলুম শুরু করল।

ক. 'বিলাসী' গল্পটি প্রথমে কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. "একলা যেতে ভয় করবে না তো?" কে, কাকে এবং কেন এই উক্তিটি করেছিল? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সৌদামিনী মালোর সাথে 'বিলাসী' গল্পের বিলাসী চরিত্রের কী মিল খুঁজে পাওয়া যায়? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের ভয়ানক 'শাস্ত্রবিরুদ্ধ পাপ' 'বিলাসী' গল্পে কীভাবে দেখানো হয়েছে? বিশ্লেষণ কর। ৪

২ ▶ অন্তরের শক্তিতে বলীয়ান হতে না পারলে মানুষ সফল হতে পারে না। নিজের মধ্যে যে অপরিমেয় শক্তি রয়েছে সেই শক্তির উপর আস্থা থাকা চাই। এটাই আত্মবিশ্বাস। আত্মবিশ্বাসী হওয়া স্বাবলম্বী হওয়ার অন্যতম শর্ত। আত্মবিশ্বাস না থাকলে হীনম্মন্যতা তাকে গ্রাস করবে। হীনম্মন্যতা ব্যক্তি ও জাতীয় জীবনে উন্নয়ন ও অগ্রগতির প্রধান অন্তরায়।

ক. 'সম্মার্জনা' শব্দের অর্থ কী? ১
খ. "যার মনে মিথ্যা সে-ই মিথ্যাকে ভয় করে।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'আমার পথ' প্রবন্ধের সম্পূর্ণ ভাবকে ধারণ করে না।" মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৩ ▶ দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে/ মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে, যদি না চাহে/ ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে/ বুক ফুলিয়ে দাঁড়াস
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে/ ঊর্ধ্বে দুহাত বাড়াস।

ক. কী উপলক্ষ্যে মাসি-পিসি উপোস ছিল? ১
খ. "যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি।"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "জীবনে যদি দুঃখ-দৈন্য নেমে আসে, মাথা উঁচু করে তার মোকাবিলা করা উচিত।"— উক্তিটি উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের আলোকে বিচার কর। ৪

৪ ▶ "বাতাসে লাশের গন্ধ ভাসে
মাটিতে লেগে আছে রক্তের দাগ
নদীতে পানার মতো ভেসে থাকা মানুষের পচা লাশ
মুণ্ডুহীন বালিকার কুকুরে খাওয়া বীভৎস শরীর
ভেসে ওঠে চোখের ভেতরে, আমি ঘুমুতে পারি না।"

ক. মগবাজারের বাড়ি থেকে মিন্টু কত তারিখে বেরিয়ে যায়? ১
খ. 'রেইনকোট' গল্পে মুয়াজ্জিন সাহেব দ্বিতীয়বার আল্লাহর মহত্ত্ব ঘোষণা করার সুযোগ পাননি কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পে কোন বিষয়টির মিল পাওয়া যায়— ব্যাখ্যা কর। ৩
ঘ. "ভেসে ওঠে চোখের ভেতরে, আমি ঘুমুতে পারি না।"— 'রেইনকোট' গল্পের নুরুল হুদার চেতনার আলোকে চরণটি ব্যাখ্যা কর। ৪

## খ অংশ—কবিতা

৫ ▶ মানুষের জীবনকে বয়সের সীমারেখা দিয়ে পরিমাপ করা যায় না। কবি সুকান্ত বেঁচে ছিলেন মাত্র ২১ বছর। তাঁর অসাধারণ সৃষ্টিশীলতার জন্য বাংলা সাহিত্যের ইতিহাসে তিনি শুকতারার মতো উজ্জ্বল হয়ে আছেন।

ক. 'সোনার তরী' কবিতার অধিকাংশ পঙক্তি কত মাত্রার পূর্ণ পর্বে বিন্যস্ত? ১
খ. "চারি দিকে বাঁকা জল করিছে খেলা।"— চরণটির তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকের প্রথম বাক্যটি 'সোনার তরী' কবিতার কোন প্রেক্ষিতে সম্পর্কিত? যুক্তি দেখাও। ৩
ঘ. উদ্দীপকটি 'সোনার তরী' কবিতার কবি-চেতনার আংশিক প্রতিফলন মাত্র— বিশ্লেষণ কর। ৪

৬ ▶ অনুজের হস্ত ধরিয়া নিকটে বসাইয়া হাসান বলিতে লাগিলেন, ভাই স্থির হও। আমি আমার বিষদাতাকে চিনি। ... যাহা হউক ভাই, আমি তাহার নাম কখনোই মুখে আনিব না। তাহার প্রতি আমার রাগ, হিংসা-দ্বেষ কিছুই নাই। ঈশ্বরের নামে শপথ করিয়া বলিতেছি, আমার বিষদাতার মুক্তির জন্য ঈশ্বরের নিকট প্রার্থনা করিব।

ক. 'প্রতিদান' কবিতায় কবি কার কূল বাঁধেন? ১
খ. "কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনমভর।"— চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হাসানের কর্মকাণ্ডে 'প্রতিদান' কবিতার কবির কোন গুণাবলি প্রকাশ পেয়েছে? ৩
ঘ. "উদ্দীপকের বিষদাতা 'প্রতিদান' কবিতার নিষ্ঠুর মানুষদের প্রতিনিধি।" — মন্তব্যটির সপক্ষে মতামত দাও। ৪

৭ ▶ মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম/ মোরা ঝরনার মতো চঞ্চল
মোরা বিধাতার মতো নির্ভয়/ মোরা প্রকৃতির মতো উচ্ছল
মোরা আকাশের মতো বাধাহীন/ মোরা মরু সঞ্চারী বেদুঈন।

ক. কবি সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার আজীবন সম্পাদক ছিলেন? ১
খ. এ দেশের বুকে আঠারো আসুক নেমে— চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. 'আঠারো বছর বয়স' কবিতায় কিছু আশঙ্কার কথা থাকলেও উদ্দীপকে এটা অনুপস্থিত— পর্যালোচনা কর। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▶ বিশ্ববিদ্যালয় থেকে পাশ করে আশফাক গ্রামে ফিরে চাষি শ্রেণির মানুষের অর্থনৈতিক দৈন্য দেখে ব্যথিত হলো। তারা চাষের মৌসুমে গ্রামের মহাজন মিশু ব্যাপারীর কাছ থেকে চড়া সুদে ঋণ নেয়। ফসল তোলা শেষে হলে সুদে, আসলে মিশু ব্যাপারীর ঋণ মেটাতে গিয়ে তাদের মুখের হাসি হারিয়ে যায়। আশফাক গ্রামের কৃষকদের বিনা সুদে ঋণ দেওয়ার লক্ষ্যে একটি সমিতি খুলতে চাইলে মিশু ব্যাপারী তাদেরকে রাষ্ট্রদ্রোহী মামলায় জড়িয়ে গ্রামছাড়া করে।

ক. কে গাধার মতো পিঠে ঘাড়ে সমান? ১
খ. "যেন হাসনাহেনার মিষ্টি গন্ধ ছড়ায়।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মহতী উদ্যোগের সাথে 'লালসালু' উপন্যাসের কার কোন মহতী উদ্যোগের সাদৃশ্য রয়েছে? লেখ। ৩
ঘ. 'লালসালু'র মজিদ উদ্দীপকের মিশু ব্যাপারীর সাথে কীভাবে তুলনীয় হতে পারে? বুঝিয়ে লেখ। ৪

৯ ▶ আমজাদ হোসেন খোসালপুর গ্রামে বাস করে। বিস্তর অর্থসম্পত্তির মালিক হওয়ায় এলাকায় তার বেশ প্রভাব। আমজাদ হোসেন স্থানীয় এক পিরের অন্ধভক্ত। পিরের পরামর্শে আমজাদ হোসেন তার স্ত্রীকে তালাক দিতে দ্বিধা করে না।

ক. "ধান দিয়া কী হইব মানুষের জান যদি না থাকে?" উক্তিটি কার? ১
খ. "গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।"— ব্যাখ্যা কর। ২
গ. আমজাদ হোসেন 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতীক? নির্ণয় কর। ৩
ঘ. আমজাদ হোসেনের স্ত্রী ও 'লালসালু' উপন্যাসের আমেনা বিবিকে একই পরিণতি বরণ করার কারণ বিশ্লেষণ কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▶ নিঃসন্তান ফরিদ সাহেব রুবেল নামের একটি ছেলেকে পোষ্যপুত্র হিসেবে লালন-পালন করে। লেখাপড়া শিখিয়ে তাকে মানুষ বানানোর চেষ্টা করে। কিন্তু রুবেল ছিল লোভী ও হীন চরিত্রের ছেলে। সে একদিন সন্ত্রাসী দিয়ে ফরিদ সাহেবকে অপহরণ করিয়ে মেরে ফেলে এবং তার সকল সম্পদ হস্তগত করে।

ক. সিরাজউদ্দৌলার শ্বশুরের নাম কী? ১
খ. "তবু ভয় নেই, সিরাজউদ্দৌলা বেঁচে আছে।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রুবেল 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতিনিধি? দেখাও। ৩
ঘ. "উদ্দীপকের ফরিদ সাহেব ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ-এর মৃত্যুর কারণ এক ও অভিন্ন।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ সম্রাট আকবরের সভাকবি ছিলেন আবুল ফজল। সম্রাট সাম্রাজ্য পরিচালনার সকল বিষয়েই তার সভাকবির সঙ্গে পরামর্শ করতেন। একবার পারস্য সম্রাট আবুল ফজলকে প্রস্তাব দেয় যে, তিনি যদি ভারতবর্ষে নানা গোপন তথ্য পাচার করেন তবে তাকে অনেক ধন-সম্পদ দেওয়া হবে। আবুল ফজল ঘৃণাভরে এ প্রস্তাব প্রত্যাখ্যান করেন এবং বলেন, "আমি আমৃত্যু ভারত সম্রাটের হয়ে কাজ করে যাব।"

ক. কার নির্দেশে সিরাজউদ্দৌলাকে হত্যা করা হয়? ১
খ. "আমার নালিশ আজ আমার বিরুদ্ধে" এই উক্তিটির তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকের আবুল ফজলের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের মিরজাফরের অমিল কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের আবুল ফজলের মতো বিশ্বস্ত মানুষ নবাব সিরাজের দরবারেও ছিল।" — মন্তব্যটি উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ—গদ্য

১ ▶ আচারনিষ্ঠ ব্রাহ্মণ মহিম চক্রবর্তীর পুত্র সমর পোস্টমাস্টারের চাকরি নিয়ে আসে রাধানগর গ্রামে। কিছুদিন পর নিঃসঙ্গ সমর টায়ফয়েড জ্বরে আক্রান্ত হয়ে অচেতন হয়ে পড়ে। পাশের বাড়ির নিম্নবর্ণের মেয়ে, স্কুলশিক্ষিকা আলতা ডাক্তার ডেকে তার চিকিৎসা করায় এবং সেবাযত্নের জন্য গ্রামের এক দরিদ্র মাসিকে নিয়োগ করে। আলতার প্রত্যক্ষ তত্ত্বাবধানে সেবা ও উপযুক্ত চিকিৎসা পেয়ে সুস্থ হয়ে ওঠে সমর। আলতার মার্জিত রুচি, ব্যক্তিত্ব, মানবতাবোধে মুগ্ধ হয়ে জাতভেদ ভুলে বাবার অমতে তাকে বিয়ে করে সমর। প্রথাগত সংস্কারের বিপরীতে জয় হলো মনুষ্যত্বের।

ক. গল্পকথক ন্যাড়া সদ্‌ব্রাহ্মণের ছেলেকে কী পেশা গ্রহণ করতে দেখেছে? ১
খ. "অতিকায় হস্তী লোপ পাইয়াছে কিন্তু তেলাপোকা টিকিয়া আছে।" ব্যাখ্যা কর। ২
গ. 'বিলাসী' গল্পের বিলাসী চরিত্রের সঙ্গে উদ্দীপকের আলতা চরিত্রের বৈসাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. 'প্রথাগত সংস্কারের বিপরীতে জয় হলো মনুষ্যত্বের'— এ উক্তির আলোকে উদ্দীপক ও গল্পে মূলত বর্ণশাসিত সমাজে মানবতা ও মানবপ্রেমের জয় ঘোষিত হয়েছে।— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ পুরো পৃথিবীতে মানুষের সবচেয়ে বিশ্বস্ত ব্যক্তি ও ভালো বন্ধু সে নিজে। এ কারণে নিজেকে চিনতে হবে। এজন্য সততা ও সত্যনিষ্ঠাকে পথপ্রদর্শক করতে হবে। নিজের প্রতি আস্থা ও সম্মান যদি থাকে, তাহলে বিশ্বজয় করাও সম্ভব। আত্মশক্তি হলো এমন এক শক্তি যা মানসিক স্থিরতা ও কাজের প্রেরণা। এ শক্তির কারণে বড় বড় সমস্যাও খুব সহজে অতিক্রম করা সম্ভব। আত্মশক্তি বৃদ্ধির অন্যতম উপায় হলো নিজের ওপর ভরসা ও আস্থা রাখতে শেখা। অন্যায়ের সঙ্গে আপস না করে অন্যের ওপর নির্ভরশীলতা পরিহার করে নিজের লক্ষ্যের প্রতি অবিচল থাকতে শেখায় এ শক্তি।

ক. 'কুর্নিশ' শব্দটির অর্থ কী? ১
খ. কবি নিজেকে 'অভিশাপ-রথের সারথি' বলে অভিহিত করেছেন কেন? ২
গ. উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের যে বাণী প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আমার পথ' প্রবন্ধের আংশিক রূপায়ণ মাত্র।— উক্তিটির সত্যাসত্য বিচার কর। ৪

৩ ▶ "আমার এ ঘর ভাঙিয়াছে যেবা/আমি বাঁধি তার ঘর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই/যে মোরে করেছে পর।"

ক. কোন সেবা সংস্থার বৃদ্ধি প্রমাণ করে মানব-কল্যাণ কথাটা স্রেফ মানব অপমানে পরিণত হয়েছে? ১
খ. কখন মানবকল্যাণ হয়ে উঠবে মানব-মর্যাদার সহায়ক।— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মূলমন্ত্র 'মানব-কল্যাণ' প্রবন্ধে আলোচিত প্রকৃত মানবকল্যাণকেই নির্দেশ করে।"— মন্তব্যটির যথার্থতা ব্যাখ্যা কর। ৪

৪ ▶ শওকত ওসমানের 'জাহান্নাম হইতে বিদায়' উপন্যাসে লেখক দেখিয়েছেন কীভাবে ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী এ দেশকে জাহান্নামে পরিণত করেছে। স্কুলশিক্ষক গাজী রহমান নিজের প্রাণ রক্ষার্থে গ্রাম ছেড়ে বন্ধুর বাড়িতে গিয়ে ওঠেন। সেখানে অবস্থানকালে তার সাথে প্রগতিশীল বামপন্থী রাজনৈতিক সংগঠক কিরণ রায়ের আলাপ হওয়ার পর যুদ্ধে অংশগ্রহণ করতে না পারা নিয়ে তার মনে জন্ম নেয় অপরাধবোধ। তাই তিনি মুক্তিযুদ্ধে ভূমিকা রাখার লক্ষ্যে সীমান্ত পার হয়ে ওপারে যাওয়ার সিদ্ধান্ত নেন।

ক. 'রেইনকোট' গল্পে প্রিন্সিপালের পিয়নের নাম কী? ১
খ. "রাশিয়ায় ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের গাজী রহমানের সাথে 'রেইনকোট' গল্পের নুরুল হুদা চরিত্রের সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. 'পাকিস্তানি হানাদার বাহিনী এ দেশকে জাহান্নামে পরিণত করেছে'— উদ্দীপকের এ উক্তির আলোকে 'রেইনকোট' গল্পে বর্ণিত মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট আলোচনা কর। ৪

## খ অংশ—কবিতা

৫ ▶ মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,/মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।
এই সূর্য করে এই পুষ্পিত কাননে/জীবন্ত হৃদয়-মাঝে যদি স্থান পাই।

ক. ঢেউগুলি নিরুপায় কোথায় ভাঙে? ১
খ. "শূন্য নদীর তীরে রহিনু পড়ি"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'সোনার তরী' কবিতার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ, আলোচনা কর। ৩
ঘ. "এখন আমারে লহো করুণা করে"— কবিতায় প্রকাশিত কৃষকের এই চাওয়া উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৬ ▶ বীথি-সাথি যমজ দুই বোন। ছুটিতে সপরিবার কক্সবাজার বেড়াতে যায় তারা। সমুদ্রের ঢেউয়ে ভেসে যায় সাথি। তার মৃত্যুর দুবছর হয়ে গেলেও বীথির স্মৃতিতে সে উজ্জ্বল। আজ তাদের জন্মদিন। জন্মদিনের উৎসবে একগুচ্ছ দোলনচাঁপা নিয়ে এসেছে সহপাঠী শীলা। প্রিয় ফুল পেয়ে বীথি খুব খুশি। দিনটি আনন্দে কাটলেও রাতে ফুলদানিতে রাখা ফুলগুলোর দিকে তাকিয়ে তার মনে পড়ল সাথিরও খুব প্রিয় ছিল দোলনচাঁপা। বীথির মনটা বিষাদে শূন্যতায় ভরে গেল।

ক. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? ১
খ. "কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী।"— বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের বীথি 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন চরিত্রের প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'প্রিয়জনের বিয়োগব্যথার কাছে গভীরতম আনন্দও ম্লান হয়ে যায়।'— উক্তিটির সত্যাসত্য বিচার কর। ৪

৭ ▶ অমর একুশ বাঙালি জাতির ইতিহাসে কেবল একটি তারিখ নয়; একুশ হলো একটি চেতনার নাম। একুশকে কেন্দ্র করে ঐতিহাসিক ভাষা আন্দোলনের রক্তাক্ত পথ ধরে বাঙালি জাতিসত্তায় যে চেতনার জন্ম হয়েছিল, তা ছিল এক অবিনাশী চেতনা। এই চেতনার পথ ধরে ছেষট্টির ছয় দফা, উনসত্তরের গণ-অভ্যুত্থান ও সত্তরের নির্বাচন এবং ১৯৭১-এ আমরা পেয়েছি স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ। এই একুশ হয়েছে আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাংলা ভাষার মর্যাদা রক্ষার রক্তাক্ত স্মৃতিচিহ্নিত এই দিনটি তাই বাঙালির সব সংগ্রামের অনুপ্রেরণা ও বিজয়ের দিন।

ক. শামসুর রাহমানের প্রথম কবিতা কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. "সারা দেশ ঘাতকের অশুভ আস্তানা।"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের অবিনাশী চেতনা ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সংগ্রামী চেতনা পরস্পর সমান্তরাল।— আলোচনা কর। ৩
ঘ. 'বাংলা ভাষার মর্যাদা রক্ষার রক্তাক্ত স্মৃতিচিহ্নিত একুশের পথ ধরে বাঙালি স্বাধীনতা অর্জন করেছে।'— উদ্দীপক ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার আলোকে তোমার মতামত দাও। ৪

## গ অংশ—উপন্যাস

৮ ▶ ফুলবাড়ি গ্রামের মানুষ বেশ সহজ-সরল ও ধর্মপ্রাণ। শিক্ষা-দীক্ষায় পিছিয়ে থাকলেও কৃষিনির্ভর এ অঞ্চলের জনগোষ্ঠী কায়িক শ্রম দ্বারা নিজেদের ভাগ্য পরিবর্তনে সচেষ্ট। মুক্ত জীবনের আনন্দ নিয়ে তারা দিনযাপন করে। হঠাৎ করেই এ গ্রামে অচেনা এক ব্যক্তির আগমন ঘটে। আগন্তুক ব্যক্তিটি নিজেকে দরবেশ হিসেবে পরিচয় দেয় এবং নিজের অলৌকিক শক্তির নানা গল্প বলে খুব সহজেই গ্রামের মানুষের ওপর আধিপত্য বিস্তার করতে সমর্থ হয়। ব্যক্তিস্বার্থ চরিতার্থ করার জন্য তার মিথ্যা গল্পকেও সাধারণ মানুষ বিশ্বাস করতে শুরু করে এবং কালক্রমে তাকে সবাই পিরের আসনে আসীন করে। একপর্যায়ে ভণ্ড পির সবাইকে ধর্মের ভয় দেখিয়ে মুক্ত জীবনের আনন্দের পরিবর্তে তাদের জীবনকে শৃঙ্খলিত করে তোলে।

ক. মহব্বতনগরের মাতব্বর কে? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভণ্ড পিরের সঙ্গে 'লালসালু' উপন্যাসের মজিদের যোগসূত্র দেখাও। ৩
ঘ. "উদ্দীপকের ফুলবাড়ি গ্রামের মানুষের জীবনাচরণ 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামের মানুষের জীবনাচরণেরই প্রতিচ্ছবি।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ব্রিটিশ শাসনামলে মুসলিম সাহিত্যিকেরা মিলে গড়ে তোলেন 'মুসলিম সাহিত্য-সমাজ'। তাঁরা বুদ্ধি-চিন্তা-মননে ছিলেন অগ্রসর। সকল গোঁড়ামি চূর্ণ করে তাঁরা গ্রহণ করেছিলেন যুক্তিবাদী পথ। কিন্তু দুর্ভাগ্য যে, সমাজের রক্ষণশীলদের ব্যাপক সমালোচনার সম্মুখীন হতে হয়েছিলো তাঁদের। কেউ কেউ এমনও অভিযোগ তুলেছিলেন যে, ঐসব অগ্রগামী লেখকরা 'ইসলাম-বিদ্বেষী'।

ক. আক্কাসের বাবার নাম কী? ১
খ. মজিদ স্কুল নির্মাণে বাধা দিয়েছিলেন কেন? ২
গ. 'মুসলিম সাহিত্য-সমাজ' ও আক্কাসের দৃষ্টিভঙ্গিগত সাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. "উদ্দীপকের অগ্রগামী লেখকেরা ও 'লালসালু'র আক্কাস একই ধরনের আক্রমণের শিকার"— আলোচনা কর। ৪

## ঘ অংশ—নাটক

১০ ▶ 'মেঘনাদবধ কাব্যে'র দেশপ্রেমিক রাক্ষসরাজ রাবণ নিজ দেশে শত্রুবেষ্টিত ও অবরুদ্ধ। রামচন্দ্র ও তার বানর সৈন্যবাহিনী লঙ্কা নগরীকে চারদিক থেকে ঘিরে রেখেছে। রাবণের অনুজ বিভীষণ শত্রুসেনাদের সাথে যোগ দিয়ে রাবণের বিপক্ষে দাঁড়িয়েছে। চারিদিকে অবিশ্বাস, প্রতারণা ও বিপর্যয়ের হাতছানি। যুদ্ধক্ষেত্র থেকে বীর পুত্রদের মৃত্যুর খবর আসে তার কানে। বিষণ্ণ ও দ্রোহক্ষুব্ধ রাবণ শত্রুদের মোকাবিলা করার জন্য যুদ্ধসাজ নিয়ে রণক্ষেত্রে অগ্রসর হয়। দেশের জন্য এ সংগ্রাম প্রকৃত বীরত্বের মহিমায় উজ্জ্বল।

ক. স্থানীয় লোকদের তৈরি যাবতীয় লবণ ইংরেজরা কত টাকা মন দরে পাইকারি হিসেবে কিনে নেয়? ১
খ. "তার নবাব হওয়াটাই তো আমার মস্ত ক্ষতি।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রাবণ চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? বিশ্লেষণ কর। ৩
ঘ. 'দেশের জন্য এ সংগ্রাম প্রকৃত বীরত্বের মহিমায় উজ্জ্বল'— এ মন্তব্যের আলোকে উদ্দীপকের রাবণ ও নাটকের সিরাজউদ্দৌলার দেশপ্রেমের স্বরূপ মূল্যায়ন কর। ৪

১১ ▶ বাল্মীকির 'রামায়ণ'কে মাইকেল মধুসূদন দত্ত নতুন আঙ্গিকে উপস্থাপন করেন তার 'মেঘনাদবধ' মহাকাব্যে। যেখানে রাবণ ও তার পুত্র মেঘনাদ মহাপরাক্রমশালী বীর হওয়া সত্ত্বেও ঘরের শত্রু বিভীষণের কারণে পরাজিত হয় রামের বাহিনীর কাছে।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে কয়টি অঙ্ক রয়েছে? ১
খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাবণ ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজের পতনের কারণ একই সূত্রে গাঁথা।" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

# শহীদ বীর-উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ হুমরাবেদের মেয়ে মহুয়ার প্রেমে পড়ে জমিদারপুত্র নদের চাঁদ। জমিদার বিষয়টি জানতে পেরে রাতের আঁধারে হুমরাবেদের দলকে গ্রামছাড়া করে। নিচু জাতের বেদের মেয়ের সাথে তাঁর পুত্র নদের চাঁদের প্রেম তিনি মেনে নিতে পারেননি। কিন্তু নদের চাঁদ মহুয়াকে পাওয়ার আশায় বাবা-মাকে ছেড়ে যায়।

ক. খুড়া কোন বংশের লোক? ১
খ. "অন্নপাপ। বাপ রে! এর কি প্রায়শ্চিত্ত আছে?" ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নদের চাঁদের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্র তুলনীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের তুলনায় 'বিলাসী' গল্পের বিষয়বস্তু আরও বিস্তৃত।"— মন্তব্যটি যাচাই কর। ৪

২ ▸ সুজিত বাবু ভূমি অফিসের একজন নায়েব। তিনি সৎ, দক্ষ ও নির্ভীক। ঘুসের লেনদেন বন্ধ করার জন্য তিনি অফিসে একটি সাইনবোর্ড ঝুলিয়ে দেন। তাতে লেখা ছিল, "এখানে কোনো প্রকার ঘুসের লেনদেন হয় না।" বাড়তি আয় বন্ধ হয়ে যাওয়ায় বিষয়টি তাঁর সহকর্মীরা মেনে নিতে পারে না। সহকর্মীরা তার বিরুদ্ধে ঘুস লেনদেনের অভিযোগ তোলায় ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত করে, কিন্তু অভিযোগের সত্যতা খুঁজে পায়নি। সুজিত বাবু সত্যের পথে ছিলেন অবিচল। তিনি অন্যায়ের কাছে মাথা নত করেননি।

ক. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে দেশের শত্রুকে দূর করতে কী প্রয়োজন? ১
খ. "অভিশাপ রথের সারথি" কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সুজিত বাবু 'আমার পথ' প্রবন্ধের প্রাবন্ধিকের মানসপুত্র"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৩ ▸ বৃত্তাকারে দাঁড়ানো মিলিটারির মাঝখানে হাত-পা বাঁধা কালামকে টানতে টানতে এনে দাঁড় করানো হলো। কালামের নাক-মুখ থেকে রক্ত ঝরছে। তাকে জিজ্ঞেস করা হচ্ছে মুক্তিবাহিনী কোথায় পালিয়ে গেছে। সে ঠিক করল, কিছুই বলবে না। বন্দুকের নলটা কপালের ঠিক মাঝখানটার ধরা হলো। সে বলল, "আমার মতো সাধারণ কালামের মৃত্যুতে কিছুই এসে যায় না। কিন্তু মুক্তিফৌজ না বাঁচলে তোমাদের মারবে কে?" গুলিটা কপাল ভেদ করে বেরিয়ে যায়।

ক. প্রিনসিপ্যাল কাকে তোয়াজ করতেন? ১
খ. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা"— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত মিলিটারির নিপীড়নের দৃশ্যটি 'রেইনকোট' গল্পের সাথে তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকের কালাম ও 'রেইনকোট' গল্পের নুরুল হুদা দেশপ্রেমে উজ্জীবিত"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪ ▸ এ বছরের কালবৈশাখী ঝড়ে খালেকের হালের গরু মারা যায় এবং ফসলেরও ব্যাপক ক্ষতি হয়। তার অবস্থা অত্যন্ত সংকটাপন্ন হয়ে পড়ে। অন্য কোনো উপায় খুঁজে না পেয়ে সে এলাকার চেয়ারম্যান সাহেবের কাছে যায়। চেয়ারম্যান সাহেব সবকিছু শুনে তাকে একজোড়া হালের বলদ কিনে দেয় এবং নতুন করে চাষাবাদ শুরু করতে বলে। চেয়ারম্যান সাহেবের কথামতো কঠোর পরিশ্রম করে মাত্র কয়েক মাসেই তার ঘরে নতুন ফসল আসে।

ক. "একুশ মানে মাথা নত না করা" আবুল ফজলের কী ধরনের রচনা? ১
খ. "ওপরের হাত সব সময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের মূলভাব 'মানব-কল্যাণ' প্রবন্ধে আলোচিত প্রকৃত মানবকল্যাণকেই নির্দেশ করে।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ রূপক কবিতার ভাববস্তুর দুটো দিক থাকে। একটি হলো আপাতদৃষ্ট ভাববস্তু। অন্যটি হলো অন্তর্নিহিত সমান্তরাল ভাব। সুতরাং রূপক কবিতা হচ্ছে বাইরের রূপের আড়ালে ভিতরের রূপের আভাসদানকারী কবিতা।

ক. 'সোনার তরী' কবিতায় কোন মাসের উল্লেখ আছে? ১
খ. "চারি দিকে বাঁকা জল করিছে খেলা"— চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে আপাতদৃষ্ট যে ভাবের কথা বলা হয়েছে, 'সোনার তরী' কবিতায় তা কীভাবে রূপায়িত হয়েছে? ৩
ঘ. রূপক কবিতা হিসেবে 'সোনার তরী' কবিতার সার্থকতা বিচার কর। ৪

৬ ▸ মনে পড়ে বায়ান্নর একুশে ফেব্রুয়ারি,
লাখো বাঙালির কাতর চিত্তে করুণ
আহাজারি,/একুশ তুমি বাংলার মানুষের হৃদয়ভরা
আশা,/তোমার কারণে পেয়েছি আজ কাঙ্ক্ষিত
মাতৃভাষা,/রক্ত ঝরালো সালাম, বরকত, রফিক, শফিক,
জব্বার/বাংলার সেই করুণ কাহিনি মনে পড়ে
বরাবর,/স্মৃতির পাতায় ভেসে উঠে সে বিষণ্ন দিনের
কথা,/যত ভাবি ততই যেন মনে পাই বড়ো ব্যথা।

ক. থরে থরে কৃষ্ণচূড়া কোথায় ফুটেছে? ১
খ. "চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ"— বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বৈসাদৃশ্য দেখাও। ৩
ঘ. "উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মর্মবাণী পুরোপুরি ধারণ না করলেও আত্মত্যাগ ও অধিকার আদায়ের কথাই বলে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ ছোট ভাইটিকে আমি আর কোথাও দেখি না/নোলক পরা বোনটিকে কোথাও দেখি না
কেবল উৎসব দেখি, পতাকা দেখি

ক. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? ১
খ. "তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল"— বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন অনুষঙ্গটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সমগ্র ভাব ধারণ করে কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ নদীভাঙনে সর্বস্বান্ত হতে বসেছে শ্যামলছায়া গ্রামের খেটে খাওয়া মানুষেরা। জীবিকা নির্বাহের আশায় তাদের অনেকেই ছুটছে দূর-দূরান্তে। অনিশ্চিত ভবিষ্যৎ জেনেও তারা ভাগ্য পরিবর্তনের স্বপ্নে বিভোর। ভাগ্য বিড়ম্বিত এমনই এক যুবক শফিকের ঠাঁই হয় শহরের বস্তিতে। রিকশা চালানো দিয়ে জীবিকা শুরু করলেও অবৈধ ব্যাবসার সঙ্গে যুক্ত হয়ে প্রভাব-প্রতিপত্তিসহ এখন সে অভিজাত এলাকার বাসিন্দা।

ক. 'নিরাক-পড়া' অর্থ কী? ১
খ. "দলিল-দস্তাবেজ জাল হয় কিন্তু খোদাতালার কালাম জাল হয় না।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত অসহায় মানুষের জীবনাচরণের সঙ্গে 'লালসালু' উপন্যাসের কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের শফিক এবং 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ের মধ্যেই অস্তিত্ববাদী চেতনা প্রতিফলিত।" আলোচনা কর। ৪

৯ ▸ মাহাবুব সাহেব মধ্যপ্রাচ্যে গিয়ে অঢেল টাকা উপার্জন করেছেন। এলাকার রাস্তা, সেতু, মসজিদ, মন্দির তৈরিতে তার অকাতর দান রয়েছে। নিঃসন্তান মাহাবুবের পিতৃ-হৃদয়ের আস্বাদন পূরণে অনেকেই তাকে দ্বিতীয় বিয়ের পরামর্শ দেন। স্ত্রী শামিমাও তাকে এ প্রস্তাব দেন। মাহাবুব তার এক বোনের নবজাতককে নিজ সন্তান হিসেবে প্রতিপালন করে স্ত্রী শামিমার মাতৃ-হৃদয়ের অতৃপ্ত বাসনা পূরণ করেন।

ক. 'লালসালু' উপন্যাসের ফরাসি অনুবাদক কে? ১
খ. "সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মাহাবুবের সাথে 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারীর চরিত্রের তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকের প্রতিফলিত ইতিবাচক জীবনচেতনা 'লালসালু' উপন্যাসে অনুপস্থিত।"— উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ জোহরা : আর একদিন কি দুদিন। তারপরই ঘোর ঘোর সময় শুরু হবে। তুমি ফিরে এসো। আমার সঙ্গে ফিরে চলো।
কার্দি : যে ফিরে যাবে সে আমি হব না, সে হবে বিশ্বাসঘাতক। আমাদের সংকটের দিনে যারা আমাকে আশ্রয় দিয়েছে, কর্মে নিযুক্ত করেছে, ঐশ্বর্য দান করেছে সেই মারাঠাদের বিপদের দিনে আমি চুপ করে বসে থাকবো? পদত্যাগ করবো? সে হয় না, জোহরা।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে ফরাসি সেনাপতির নাম কী? ১
খ. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব।" ব্যাখ্যা কর। ২
গ. 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটির প্রতি উদ্দীপকে ইঙ্গিত করা হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের কার্দির মতো বিশ্বস্ত লোকের অপ্রতুলতায় জন্য সিরাজউদ্দৌলাকে পরাজয়বরণ করতে হয়েছে।" মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১ ▸ জহিরউদ্দীন মুহাম্মদ বাবর ছিলেন ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। বাবরের মৃত্যুর পর তাঁর বড়ো ছেলে হুমায়ুন যখন সিংহাসনে বসেন, তখন বয়স অল্প। সিংহাসনে বসার সাথে সাথেই চারদিকে নানামুখী ষড়যন্ত্র শুরু হয়। আপন আত্মীয়-স্বজন তাঁর দিক থেকে মুখ ফিরিয়ে নেয়। এমনকি আপন ভাইয়েরাও তাঁকে সহযোগিতা করেনি। তারপরেও বাবরের বড়ো ছেলে হিসেবে তিনি শক্ত হাতে শাসনকার্য চালিয়ে যান এবং মুঘল সাম্রাজ্যকে ধ্বংসের হাত থেকে রক্ষা করেন।

ক. রাইসুল জুহালার প্রকৃত নাম কী? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।" ব্যাখ্যা কর। ২
গ. "উদ্দীপকের হুমায়ুনের সিংহাসনে আরোহণ আর নবাব সিরাজউদ্দৌলার সিংহাসনে আরোহণ অনেকটা সাদৃশ্যপূর্ণ।"— আলোচনা কর। ৩
ঘ. "নবাব সিরাজউদ্দৌলা উদ্দীপকের হুমায়ুনের মতো হলে 'সিরাজউদ্দৌলা' নাটকের পরিণতি ভিন্ন হতে পারত।" বিশ্লেষণ কর। ৪

# মাইলস্টোন কলেজ, ঢাকা ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ "মুখে দেয় জল, শুধায় কুশল, শিরে দেয় মোর হাত;
দাঁড়ায়ে নিঝুম, চোখে নাই ঘুম, মুখে নাই তার ভাত।
বলে বারবার, "কর্তা, তোমার কোনো ভয় নাই, শুন—
যাবে দেশে ফিরে, মাঠাকুরানীরে দেখিতে পাইবে পুন।"
লভিয়া আরাম আমি উঠিলাম; তাহারে ধরিল জ্বরে;
নিল সে আমার কাল ব্যাধিভার আপনার দেহ-'পরে।"

ক. 'এডেন বন্দর' কীসের জন্য বিখ্যাত? ১
খ. "অতিকায় হস্তী লোপ পাইয়াছে কিন্তু তেলাপোকা টিকিয়া আছে।" ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের মিল পাওয়া যায়? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'বিলাসী' গল্পের মাত্র একটি দিক উন্মোচিত হয়েছে।" উক্তিটি যুক্তিসহকারে বিশ্লেষণ কর। ৪

২ ▶ আজিজ সাহেব ঢাকার আশুলিয়ার বাসিন্দা। তাদের বাসার পাশেই তৈরি পোশাক কারখানার একটি ভবন ধসে অনেক মানুষ আটকা পড়েছে। খবর শুনে আজিজ সাহেব সেখানে যান। ঘটনাস্থলে গিয়ে অসংখ্য মানুষের বাঁচার আর্তনাদ শুনে তিনি নিজেকে ধরে রাখতে না পেরে সকলের সাথে উদ্ধারকাজে অংশ নেন। উদ্ধারকাজ শেষ হলে তিনি বিপদগ্রস্ত কিছু পরিবারকে সার্বিক পুনর্বাসনের চেষ্টা করেন।

ক. ছাত্রজীবনে আবুল ফজল কোন আন্দোলনের সাথে যুক্ত হন? ১
খ. বিভক্তিকরণের মনোভাব নিয়ে কারও কল্যাণ করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আজিজ চরিত্রের মধ্যে 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "আজিজের কর্মকাণ্ডের মধ্য দিয়েই মানবকল্যাণের প্রকৃত আদর্শ ফুটে উঠেছে।"— 'মানব-কল্যাণ' প্রবন্ধের আলোকে মন্তব্যটি যুক্তিসহ বিচার কর। ৪

৩ ▶ পৃথিবীতে শুধু তিনি স্বাধীন, যিনি স্বাবলম্বী ও আত্মনির্ভরশীল। আমরা যদি আত্মনির্ভরশীল না হই, তাহলে অন্যের ওপর নির্ভর করতে হবে, যার অর্থ আমরা স্বাধীন হতে পারিনি।

ক. 'আমার পথ' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. "যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভাবনা 'আমার পথ' প্রবন্ধের সঙ্গে কীভাবে সামঞ্জস্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'আমার পথ' প্রবন্ধের সামগ্রিক ভাব ধারণ করেনি।"— বিশ্লেষণ কর। ৪

৪ ▶ "সবুজ ঘাসের মধ্যে পড়ে থাকা লাল গোলাপের মতো/তোমার রক্তাক্ত দেহ খুঁজে পাই,
পিছমোড়া, মৃত আর আধখোলা চোখে তুমি/চেয়ে আছ দিগন্তের দিকে,
তোমার একাগ্র দৃষ্টি আর সেই দিগন্তের/মাঝখানে নতুন চরের মতো জেগে উঠছে
বাংলাদেশের নামপরিচয়, বংশলতিকা।"

ক. 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ কী? ১
খ. "মনে হচ্ছে যেন বৃষ্টি পড়ছে মিন্টুর রেইনকোটের ওপর।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে 'রেইনকোট' গল্পের যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে চিত্রিত দিকটি 'রেইনকোট' গল্পের খণ্ডাংশমাত্র।"— বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ "মহাকাল ধরে যাহা জরাজীর্ণ, দীর্ণ পুরাতন
কালজয়ী সেই সত্য, যাহা নিত্য ক্ষয়হীন দীপ্ত চিরন্তন।
কীর্তি, যার সুমহান, সত্য-পূত যার মহাপ্রাণ মৃত্যু
যারে শ্রদ্ধা ভরে এনে দেয় প্রচুর সম্মান।"

ক. 'সোনার তরী' কবিতায় 'ধান' কীসের প্রতীক? ১
খ. "চারি দিকে বাঁকা জল করিছে খেলা।"— ব্যাখ্যা কর। ২
গ. 'সোনার তরী' কবিতার সাথে উদ্দীপকের সাদৃশ্যগত দিক আলোচনা কর। ৩
ঘ. "কীর্তিময় মৃত্যু শ্রদ্ধা সম্মান বয়ে আনে।" 'সোনার তরী' কবিতার আলোকে মন্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৬ ▶ বাঙালি এমন একটি জাতি, যে জাতির জন্ম বিপ্লবের মধ্য দিয়ে, তাই প্রতিটি বাঙালি জন্ম থেকে বিপ্লবের সঙ্গে এক অবিচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ। সংগত কারণে কোনোকিছু মুখ বুজে সহ্য করার স্বভাব বাঙালির নেই। ১৯৫২-এর ভাষা আন্দোলনের মাধ্যমে মায়ের মুখের ভাষার কথা বলার অধিকার প্রতিষ্ঠিত করে বীর বাঙালি। তারই সূত্র ধরে নানা সংগ্রামের পথ পাড়ি দিয়ে অভ্যুদয় ঘটে ১৯৭১ সালে স্বাধীন বাংলাদেশের।

ক. ঘাতকের অশুভ আস্তানা কোথায়? ১
খ. "সেই ফুল আমাদের প্রাণ"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কোন বিষয়টি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মূলভাবের সাথে প্রাসঙ্গিক— আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে স্বদেশকে রক্ষার যে প্রত্যয় তা 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মাঝেও দৃশ্যমান।"— মন্তব্যটি বিচার কর। ৪

৭ ▶ "হে আমার দেশ, বন্যার মতো
সমস্ত অভিজ্ঞতার পলিমাটিকে গড়িয়ে এনে একটি চেতনাকে
উর্বর করেছি;
এখানে আমাদের মৃত্যু ও জীবনের সন্ধি,
সমুদ্র সৈকতে দুঃসাহসী নাবিকের করোটির ভেতর যেমন
দূরদিগন্তের হাওয়া হাহাকার করে
তেমনি এখানে রয়েছে একটি কোমল নারীর আশাহত সখিনা-হৃদয়
এখানে রয়েছে মা আর পিতা,
ভাই আর বোন, স্বজন বিধুর পরিজন
আর তুমি আমি, দেশ আমার।"

ক. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. "ভালোবাসা দিলে মা মরে যায়।"— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার বৈসাদৃশ্যগত দিক আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মতোই বাঙালি সংস্কৃতির হাজার বছরের ইতিহাস বিধৃত হয়েছে।"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ সেলিম আধুনিক শিক্ষায় শিক্ষিত নব্য ডাক্তার কিন্তু তার পিতা পুরানো দিনের মতো তাবিজ-কবজ ঝাড়ফুঁকে বিশ্বাসী ছিল। তার পিতা কঠিন অসুখে পড়লে ছেলের কাছে চিকিৎসা না নিয়ে তাবিজ-কবজ গ্রহণ করে। ডাক্তার সেলিম পিতার অনুসারী না হওয়ার কারণে তার পিতা সোহেলুর রহমান তাকে ত্যাজ্যপুত্র করে। গ্রামের সাধারণ নিরীহ মানুষের জন্য ডাক্তার সেলিম হাসপাতাল প্রতিষ্ঠা করলে সেখানেও বাধা দেয় এবং সাধারণ মানুষদেরকে বোঝাতে থাকে হাসপাতালে চিকিৎসা নেওয়া মহাপাপের কাজ। গ্রামবাসীরা শুরু থেকেই এক পির সাহেবের ভক্ত ছিল। পির সাহেবের কথামতো তারা কুসংস্কারে আচ্ছন্ন ছিল এবং ডাক্তার সেলিমের আধুনিক চিকিৎসাকে তারা পাপ মনে করত। গ্রামবাসীরা একসময় তাদের ভুল বুঝতে পেরে পির সাহেবের কাছে যাওয়া কমিয়ে দেয়।

ক. 'তরঙ্গভঙ্গ' সৈয়দ ওয়ালীউল্লাহর কোন জাতীয় গ্রন্থ? ১
খ. "মেয়ে লোকটি যেন চরম বাহাদুরি দেখাল, সমস্ত আস্ফালনের মুখে চুন দিল।"— কার প্রসঙ্গে কথাটি এসেছে? ২
গ. উদ্দীপকের বিষয়ের সাথে 'লালসালু' উপন্যাসের কোন অংশ বিপরীত আঙ্গিকে উপস্থাপিত হয়েছে? তা বর্ণনা কর। ৩
ঘ. "নিজ স্বার্থরক্ষায় ধর্মকে ঢাল করে পির সাহেব ও মজিদ ধর্মভীরু মানুষদেরকে আধুনিকতার সুফল থেকে বঞ্চিত করেছে।"— উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে মন্তব্যটি বিচার কর। ৪

৯ ▶ বেগম রোকেয়ার মতে, 'অকর্মণ্য পুতুল জীবনের জন্য নারীর জন্ম হয়নি।' নারীদের স্বাবলম্বী হওয়ার জন্য যেকোনো ধরনের কাজের প্রতি আগ্রহী হওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। অথচ এতকাল পরেও থানচি গ্রামবাসীরা মেয়েদের চারদেয়ালে আটকে রাখে। শিক্ষা গ্রহণের সুযোগ তো নেই, অন্যদিকে ধর্মের নামে অধর্মের বেসাতি চাপানো হয় তাদের উপর। এমন একটি সময়ে থানচি গ্রামে আবির্ভূত হন সমাজকর্মী রেবেকা। নারীদের স্বাবলম্বী করে তোলার দায়িত্ব পালন করতে গিয়ে সমাজের রোষানলে পড়েন তিনি।

ক. কে পক্ষাঘাতে আক্রান্ত? ১
খ. "কী একটা গভীর অন্যায়ের তীব্রতায় খোদার আরশ পর্যন্ত যেন কেঁপে উঠেছে।"— ব্যাখ্যা কর। ২
গ. সমাজকর্মী রেবেকা উপন্যাসের কোন চরিত্রের ধারক— তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়গুলো ছাড়া 'লালসালু' উপন্যাসে নারী অবমাননার আর কোন দিক প্রতিফলিত হয়েছে?— তোমার মতামত তুলে ধর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ রাম-লক্ষ্মণ যখন লঙ্কা আক্রমণ করে, তখন রাবণ ও তার ছেলে মেঘনাদ তাদের প্রতিহত করতে যুদ্ধ ঘোষণা করে। যুদ্ধে অংশ নেওয়ার আগে মেঘনাদ অগ্নিদেবতার পূজা করার জন্য যজ্ঞ করতে যাওয়ার সময় তার পথ আগলে দাঁড়ায় লক্ষ্মণ। এত নিরাপত্তা বেষ্টনী পার হয়ে কীভাবে লক্ষ্মণ এত কাছাকাছি আসতে পারে, তা বিস্মিত করে মেঘনাদকে। তার বিস্ময় আরও বেড়ে যায়, যখন দেখতে পায় লক্ষ্মণকে পথ দেখিয়ে এ পর্যন্ত নিয়ে আসে তারই আপন চাচা বিভীষণ।

ক. ড্রেক কাকে ঘুষের বিনিময়ে আশ্রয় দিয়েছিল? ১
খ. "ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কোন দিক দিয়ে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "মেঘনাদের চেয়েও জটিল ষড়যন্ত্রের সম্মুখীন হয়েছেন সিরাজউদ্দৌলা।"— উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটক অবলম্বনে বিশ্লেষণ কর। ৪

১১ ▶ "হয়তোবা ইতিহাসে তোমাদের নাম লেখা রবে না।/বড় বড় লোকেদের ভিড়ে
জ্ঞানী আর গুণীদের আসরে /তোমাদের কথা কেউ কবে না,
তবু হে বিজয়ী বীর মুক্তিসেনা।/তোমাদের এই ঋণ কোনো দিন শোধ হবে না।"

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের শেষ সংলাপ কার? ১
খ. "আমার শেষ যুদ্ধ পলাশিতেই।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. "উদ্দীপকের মুক্তিসেনা যেন 'সিরাজউদ্দৌলা' নাটকে পলাশি প্রান্তরের মিরমর্দান ও মোহনলালের কথা মনে করিয়ে দেয়।" বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সমগ্র বিষয়ভাবনার ধারক হয়ে উঠতে পারেনি।" মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

# রাজশাহী কলেজ

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক বিভাগ : গদ্য

১ ▸ হয়তো কিছুই নাহি পাব
তবুও তোমায় আমি দূর হতে ভালোবেসে যাব।
যদিও গো কাঁদে মোর ভীরু ভালোবাসা,
জানি তুমি বুঝিবে না তবু তারি ভাষা,
তোমারি জীবনে কাঁটা আমি, কেন মিছে ভাবো।

ক. 'অপরিচিতা' গল্পটি প্রথম কোথায় প্রকাশিত হয়? ১
খ. "অথচ সেই না চেনাটুকু যে কুয়াশা মাত্র, সে যে মায়া"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের কথকের মনের ভাব 'অপরিচিতা' গল্পের অনুপমের মনোভাবের সঙ্গে কতটুকু সম্পর্কিত? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'অপরিচিতা' গল্পের মূলভাবটিই প্রতিফলিত হয়েছে।"— মন্তব্যটির সত্যাসত্য বিচার কর। ৪

২ ▸ জীবন বৃক্ষের শাখায় যে ফুল ফোটে, তা-ই মনুষ্যত্ব। বৃক্ষের গোড়ায় জল ঢালতে হবে এই ফুলের দিকে লক্ষ রেখে। শুধু শুধু মাটির রস টেনে গাছটা মোটাসোটা হয়ে উঠবে এই ভেবে কোনো মালী গাছের গোড়ায় জল ঢালে না। সমাজব্যবস্থাকেও ঠিক করতে হবে মানুষকে খাইয়ে-দাইয়ে মোটা করে তুলবার জন্য নয়, মানুষের অন্তরে মূল্যবোধ তথা সৌন্দর্য, প্রেম ও আনন্দ সম্বন্ধে চেতনা জাগিয়ে তুলবার উদ্দেশ্যে। যখন এই চেতনা মানুষের চিত্তে জাগে তখন এক আধ্যাত্মিক সুষমায় তার জীবন পরিপূর্ণ হয়ে ওঠে এবং তারই প্রতিফলনে সমস্ত জগৎ আলোকময় হয়ে দেখা দেয়।

ক. ব্যক্তিমানুষের অস্তিত্বকে স্বীকৃতি দেওয়া হয়েছে কোন দর্শনে? ১
খ. "মানব-কল্যাণ স্বয়ম্ভু, বিচ্ছিন্ন, সম্পর্ক-রহিত হতে পারে না।"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকের প্রতি ইঙ্গিত করা হয়েছে?— আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের সামগ্রিক ভাব ধারণ করে কি? যুক্তি দাও। ৪

৩ ▸ মুক্তির মন্দির সোপানতলে/কত প্রাণ হলো বলিদান,
লেখা আছে অশ্রুজলে।
কত বিপ্লবী বন্ধুর রক্তে রাঙা,/বন্দিশালার ওই শেকল ভাঙা
তারা কি ফিরিবে আজ সুপ্রভাতে,/যত তরুণ অরুণ গেছে অস্তাচলে।

ক. বঙ্গবন্ধু ফরিদপুর জেলাখানা থেকে বের হওয়ার কতদিন পর বাড়ি পৌঁছান? ১
খ. "অনেক লোক আছে। কাজ পড়ে থাকবে না।"— কথাটি কন ব"লা হয়েছে? ২
গ. উদ্দীপকটি 'বায়ান্নর দিনগুলো' রচনার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ। ৩
ঘ. উদ্দীপক ও 'বায়ান্নর দিনগুলো' রচনার মূল সুর কি এক?— তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৪ ▸ বর্গি এল খাজনা নিতে/মারল মানুষ কত।
পুড়ল শহর পুড়ল শ্যামল/গ্রাম যে শত শত।
হানাদারের সঙ্গে জোরে/লড়ে মুক্তি সেনা
তাদের কথা দেশের মানুষ/কখনো ভুলবে না।

ক. 'রেইনকোট' গল্পে কাকে দেখে কলেজের সবাই তটস্থ? ১
খ. "রাশিয়ায় ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে 'রেইনকোট' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "হানাদারের সঙ্গে জোরে লড়ে মুক্তি সেনা"— উদ্দীপকের এই বক্তব্যের মতো প্রতিরোধের চিত্র 'রেইনকোট' গল্পে অনুপস্থিত— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

### খ বিভাগ : কবিতা

৫ ▸ মানবো না বাধা, মানবো না ক্ষতি,/ চোখে যুদ্ধের দৃঢ় সম্মতি
রুখবে কে আর এই অগ্রগতি,/সাধ্য কার?
রুটি দেবে নাকো? দেবে না অন্ন?/এ লড়াইয়ে তুমি নও প্রসন্ন?
চোখ-রাঙানিকে করি না গণ্য/ধারি না ধার।

ক. 'বিদ্রোহী' কবিতায় কবি কার বুকের ক্রন্দন-শ্বাস? ১
খ. "শির নেহারি' আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির!"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "চেতনার দিক থেকে উদ্দীপকের মূলভাব 'বিদ্রোহী' কবিতার মূলভাবের সাথে একসূত্রে গাঁথা।" মন্তব্যটির যথার্থতা প্রমাণ কর। ৪

৬ ▸ নীরব ও শান্ত দুই বন্ধু। ছোট থেকে একসাথেই পড়ালেখা করে। স্কুলজীবন পার না হতেই নীরব মিশে যায় কিছু অসৎ বন্ধুর সাথে। তাই সে আর পড়ালেখা করতে পারেনি। নানা অসামাজিক ও সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে সে। এখন তার নাম শুনলে মানুষ আঁতকে ওঠে। অন্যদিকে শান্ত বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করে। ২০২২ সালে দেশের উত্তরাঞ্চলে ভয়াবহ বন্যা হলে সে আর্তমানবতার সেবায় এগিয়ে আসে। সহপাঠীদের সংগঠিত করে পানিবন্দি ও বিপন্ন মানুষকে উদ্ধারে ঝাঁপিয়ে পড়ে।

ক. আঠারো বছর বয়স আত্মাকে কোথায় সঁপে? ১
খ. 'রক্তদানের পুণ্য' কথাটি দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকের নীরবের সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়ার সাথে 'আঠারো বছর বয়স' কবিতার 'দুর্যোগে হাল ঠিকমতো রাখা ভার'-এর সম্পর্ক তৈরি কর। ৩
ঘ. 'আঠারো বছর বয়স' কবিতায় কবি এ বয়সের যে বৈশিষ্ট্য তুলে ধরেছেন তার সাথে শান্তর চারিত্রিক বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা কর। ৪

৭ ▸ সে-ই হতে পারে কবি, যে লিখতে পারে কবিতা, যার ভালোবাসা আছে শব্দের জন্য। যে শব্দকে খুব ভালোবাসে, শব্দকে আদর করে খুব সুখ পায়, সেই হতে পারে কবি। কবিরা গোলাপের মতো সুন্দর সুন্দর কথা বলেন, চাঁদের মতো স্বপ্ন দেখেন। কবিরা শব্দ দিয়ে লেখেন নানা রকমের কবিতা। কখনো তারা খুব হাসির কথা বলেন, কখনো বলেন কান্নার কথা।

ক. যে কবিতা শুনতে জানে না সে কীসের আর্তনাদ শুনবে? ১
খ. "তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল" বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়টির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য উদ্দীপকে প্রতিফলিত হয়েছে।— মন্তব্যটির সত্যাসত্য বিচার কর। ৪

### গ বিভাগ : নাটক

৮ ▸ হউক সে মহাজ্ঞানী মহা ধনবান/অসীম ক্ষমতা তার অতুল সম্মান,/কিন্তু যে সাধেনি কভু জন্মভূমির হিত/স্বজাতির সেবা যেবা করেনি কিঞ্চিৎ,/জানাও সে নরাধমে জানাও সত্বর/অতীব ঘৃণিত সেই পাষণ্ড বর্বর।

ক. "এমন শুভ দিনটা থমথমে করে দিয়ে গেল।"— উক্তিটি কার? ১
খ. "কত বড় শক্তি, তবু কত তুচ্ছ"— উক্তিটি কেন করা হয়েছে? ২
গ. উদ্দীপকে উল্লেখকৃত 'ঘৃণিত পাষণ্ড বর্বর' চরিত্র 'সিরাজউদ্দৌলা' নাটকে আছে কি?— আলোচনা কর। ৩
ঘ. 'সিরাজউদ্দৌলা' নাটকে 'স্বজাতির সেবাকারী' চরিত্রগুলো কীভাবে মহিমান্বিত হয়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৪

৯ ▸ অর্থ ও স্বার্থ সকল বিবাদ-বিপত্তি, সমস্যা ও সংকটের মূল। এই অর্থের কারণেই শত শত মানুষ করছে ভুল। এই অর্থ আপনকে করে দেয় পর, এই অর্থের কারণেই শত শত মানুষ হয়েছে বর্বর, কেউবা হয়েছে কৃতঘ্ন। এই অর্থের কারণে মানুষ মানুষকে করতে পারে খুন। কেউ কেউ সুখের সংসারে লাগিয়ে দেয় আগুন।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটক অনুসারে কার পক্ষে বেশিক্ষণ বাইরে থাকা নিরাপদ নয়? ১
খ. "পারব। আমাকে পারতেই হবে।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতি ইঙ্গিত করা হয়েছে বলে তুমি মনে কর? কীভাবে? ৩
ঘ. 'অর্থ ও স্বার্থচিন্তা' 'সিরাজউদ্দৌলা' নাটকের কাহিনিকে নিয়ন্ত্রণ করেছে। — মন্তব্যটি সমর্থন কর কি? আলোচনা কর। ৪

### ঘ বিভাগ : উপন্যাস

১০ ▸ গ্রামের মাতব্বর বাহাদুর সাহেবের তিন বউয়ের মধ্যে সবার ছোট রুমি। মেয়েটির বয়স বেশি নয়। আর এজন্যই সম্ভবত সে স্বামী-সংসার এগুলো ভালো বোঝে না। গল্পের লোক পেলেই গল্প জুড়ে দেয় সে। প্রাণখোলা হাসিতে মাতিয়ে তোলে চারিদিক। বাহাদুর সাহেব এসব আচরণকে স্বাভাবিক বলে মেনে নিতে পারেনি বলে রুমির উপর চালায় মানসিক অত্যাচার। স্বভাববিরুদ্ধ পথে চলতে পারবে না বলেই আত্মহত্যার পথ বেছে নেয় রুমি।

ক. খালেক ব্যাপারী ও আমেনার দাম্পত্য জীবন কত বছরের? ১
খ. "তিনি সব জানেন, সব দেখেন"— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রুমির সাথে 'লালসালু' উপন্যাসের ইঙ্গিতকৃত চরিত্রটির মিল-অমিল দেখাও। ৩
ঘ. "প্রতিবাদী ও বিদ্রোহী জমিলার কাছে রুমি যেন শিশু"— মন্তব্যটি ব্যাখ্যাকালে জমিলার এ বিদ্রোহের স্বরূপ আলোচনা কর। ৪

১১ ▸ রাজভয়-লোকভয় কোনো ভয়ই আমায় বিপথে নিয়ে যাবে না। আমি যদি সত্যি করে আমার সত্যকে চিনে থাকি, যদি আমার অন্তরে মিথ্যার ভয় না থাকে, তাহলে বাইরের কোনো ভয়ই আমার কিছু করতে পারবে না। যার ভিতরে ভয়, সেই বাইরে ভয় পায়। আমার বিশ্বাস, যে নিজেকে চেনে, তার আর কাউকে চিনতে বাকি থাকে না। অতএব যে মিথ্যাকে চেনে, সে মিছামিছি তাকে ভয়ও করে না। যার মনে মিথ্যা, সেই মিথ্যাকে ভয় করে।

ক. অবিশ্রান্ত ঢোলক বেজে চলে কোথায়? ১
খ. "মেয়েলোকের মনের মস্করা সহ্য করবে অতটা দুর্বল নয় সমাজ।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের আদর্শকে ধারণ করেছে বলে তুমি মনে কর? কীভাবে? ৩
ঘ. "উদ্দীপকে উল্লেখকৃত চরিত্রটি দৃঢ়প্রতিজ্ঞ থাকা সত্ত্বেও শেষপর্যন্ত পরাজিত হয়েছে।"— 'লালসালু' উপন্যাসের আলোকে মন্তব্যটির সত্যাসত্য যাচাই কর। ৪

# সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া ▼ বাংলা প্রথম পত্র : সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

## ক অংশ—গদ্য

১ ▸ শিক্ষার উদ্দেশ্য মানুষের ভেতর জাগ্রত করা। কিশোর শিক্ষিত। শহুরে জীবনে অভ্যস্ত হলেও ব্যক্তিজীবনে সে পরনির্ভরশীল। সে অন্যের লেন্সে সমাজকে দেখে। তার পরিবার পূর্বের দারিদ্র্য ভুলে গিয়ে আজ দরিদ্রতাকে তুচ্ছতাচ্ছিল্য করে। সে পরিবারের যৌতুকলোভী চেতনাকে স্বীকার করে অনন্যাকে বিয়ে করতে যায়। কিন্তু বরপক্ষের একগুয়েমি ভাব, অতিরিক্ত লোভের কারণে বিয়ে ভেঙে যায়। কিশোরের মতো যুবকেরা সমাজের Antehero.

ক. প্রদোষ অর্থ কী? ১
খ. 'একে তো বরের হাট মহার্ঘ'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আলোকে 'অপরিচিতা' গল্পের সংস্কারের প্রভাব আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'অপরিচিতা' গল্পের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৪

২ ▸ সুদীপা একজন স্বামী পরিত্যক্তা নারী। প্রত্যন্ত গ্রামের সমাজ কাঠামোতে তার জীবন গড়ে ওঠে। শিক্ষাহীন অল্প বয়সে বিয়ে এবং মাদকাসক্ত স্বামীর সাথে তার যৌতুকের বিনিময়ে বিয়ে হওয়াতে তার জীবন অতিষ্ঠ হয়ে উঠেছিল। আজ সে ঢাকায় একটি কারখানায় চাকরি পেয়ে নিজের ও পরিবারের দেখভাল করার দায়িত্ব গ্রহণ করেছে। সে স্বপ্ন দেখে, যে জীবন অভিজ্ঞতার মধ্য দিয়ে এসেছে তা যেন পরবর্তী প্রজন্মকে গ্রাস না করে।

ক. কৈলেশের সাথে জগুর কোথায় দেখা হয়? ১
খ. 'কত দায়িত্ব তাদের, কত কাজ, কত ভাবনা' উক্তিটি কী উপলক্ষ্যে করা হয়েছে? ২
গ. উদ্দীপকের আলোকে মাসি-পিসির জীবনসংগ্রামের ধারণা দাও। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্য তুলে ধর। ৪

৩ ▸ শীতলক্ষ্যা নদীর তীরের বাজার। নদীর এপারে-ওপারে বেশ কিছু বড়ো বড়ো কলকারখানা। এগুলো পরিচালনার সুবিধার্থে সরকারি লোকজন গ্রামেরই একটি জায়গা দখল করে বসবাস শুরু করেছে। কোনো এক রাতে গ্রামে উত্তেজনা ছড়িয়ে পড়লে শহর থেকে বাহিনী আসে এবং তারা সাধারণ মানুষের ওপর নির্যাতন শুরু করে। গ্রামের লোকজন সবাই এক হয়ে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে। তারা কেউ কেউ পালিয়ে থেকে সরকারি বাহিনীর নৃশংসতার বিরুদ্ধে সংগ্রাম গড়ে তোলে।

ক. আখতারুজ্জামান ইলিয়াসের জন্ম-মৃত্যু সাল লেখ। ১
খ. "টুপির তেজ কি পানিতেও লাগল নাকি?" বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকের সংগ্রাম ও 'রেইনকোট' গল্পের সংগ্রামের ধরন গল্পের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'রেইনকোট' গল্পের সামষ্টিক জীবনের সংগ্রামচিত্র তুলে ধর। ৪

৪ ▸ মানব জীবনের সার্থকতা ব্যক্তির আত্মমর্যাদাকে বাদ দিয়ে হয় না। ব্যক্তির সামাজিক কর্মকাণ্ড সমাজ-সভ্যতাকে প্রভাবিত করে। বিশ্বে ধর্মব্যবস্থার উদ্দেশ্য মানুষের বিকাশ, সমাজকল্যাণ ও সমাজের উন্নয়ন। মানুষ মূলত পরস্পর নির্ভরশীল। তবে শুধু সমাজ, রাষ্ট্র থেকে গ্রহণ নয়, ব্যক্তিকেও সমাজ উন্নয়নের ভার গ্রহণ করতে হয়। মানবিক অস্তিত্বকে স্বীকার করে 'প্রত্যেকে মোরা পরের তরে' সুর তোলা দরকার।

ক. 'রেখাচিত্র' কী ধরনেরে রচনা? ১
খ. "রাষ্ট্র জাতির যৌথ জীবন আর যৌথ চেতনারই প্রতীক" উক্তিটির মর্মার্থ কী? ২
গ. উদ্দীপকের আলোকে 'মানব-কল্যাণ' প্রবন্ধের বিষয়-ভাবনা তুলে ধর। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোকপাত কর। ৪

## খ অংশ—কবিতা

৫ ▸ তবে তুমি বুঝি বাঙালি জাতির ইতিহাস শোনো নাই।
পরিচয়ে আমি বাঙালি, আমার আছে ইতিহাস গর্বের
কখনোই ভয় করিনাকো আমি উদ্যত কোনা খড়গের।
শত্রুর সাথে লড়াই করেছি, স্বপ্নের সাথে বাস।
আপোষ করিনি কখনোই আমি এই হলো ইতিহাস।

ক. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার প্রকাশ সাল কত? ১
খ. 'স্মৃতিগন্ধে ভরপুর' উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের ১৯৭১ পূর্ববর্তী ২৪ বছরের ইতিহাস সম্পর্কে লেখ। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সাদৃশ্য আলোচনা কর। ৪

৬ ▸ রক্ত আলোর মদে মাতাল ভোরে
আজকে যে যা বলে বলুক তোরে।
সকল তর্ক হেলায় তুচ্ছ করে
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা।

ক. পথে-প্রান্তরে কী ছোটায়? ১
খ. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে' উক্তিটির অভিপ্রায় কী? ২
গ. উদ্দীপকের আলোকে কল্যাণময় রাষ্ট্র সৃষ্টিতে তারুণ্যের জাগরণ সম্পর্কে আলোকপাত কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার মর্মগত সাদৃশ্য বিচার কর। ৪

৭ ▸ আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,
আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি।
চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে।
তেরশত নদী শুধায় আমাকে, 'কোথা থেকে তুমি এলে?'

ক. 'বিচলিত স্নেহ' কী? ১
খ. 'আমি কবি এবং কবিতার কথা বলছি' এখানে কবি ও কবিতা বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের আলোকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় বাঙালি জাতির সংগ্রামশীল চেতনার পরিচয় দাও। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'আমি কিংবন্তির কথা বলছি' কবিতার বিষয় সাদৃশ্য আলোচনা কর। ৪

## গ অংশ—নাটক

৮ ▸ সুবিধা আর ক্ষমতার লোভে মানুষ মিথ্যাকে সত্য করে প্রমাণ করতে চায়। স্বার্থপরায়ণ মানুষ জীবনের আদর্শ বিসর্জন দিয়ে গোপনে বহিঃশত্রুর সাথে হাত মেলায়। যদিও এর শেষ পরিণতি মঙ্গলময় হয় না। বরং নিজের ভুলের কারণে করুণ পরিস্থিতির শিকার হতে হয়। একমাত্র মনুষ্যত্ববাদীরা ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন দিয়ে দেশের কল্যাণের চিন্তা করে।

ক. "তুমি কম সাপিনী নও।" কে কাকে উদ্দেশ্য করে উক্তিটি করেছে? ১
খ. "বোঝা যতই দুর্বহ হোক একাই তা বইবার চেষ্টা করব।" উক্তিটি বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকের আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের ষড়যন্ত্রকারীদের শেষ পরিণতি সম্পর্কে লেখ। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের ষড়যন্ত্রে সাদৃশ্য পাওয়া যায়। ব্যাখ্যা কর। ৪

৯ ▸ জাতীয়তাবাদের ভিত্তি একসাথে বসবাসের মানসিকতা। যখন মানসিক ঐক্য ভঙ্গ হয় ভূখণ্ডগত ও ভাষাগত মিল থাকা সত্ত্বেও রাষ্ট্রীয় কাঠামো ভেঙে পড়ে। পরিবার, রাষ্ট্রব্যবস্থার পারস্পরিক বিশ্বাস ও আত্মীয়তা অনুভব রাষ্ট্রব্যবস্থার ভিত্তি। ঐক্যহীন হলে বহিঃশক্তি রাষ্ট্রব্যবস্থাকে বাইরে থেকে শাসন ও নিয়ন্ত্রণ করার ষড়যন্ত্র করে।

ক. তামা তুলসী গঙ্গাজল ছুঁয়ে কে শপথ করে? ১
খ. "দেশপ্রেমিকের রক্ত যেন আবর্জনার স্তূপে চাপা না পড়ে।" উক্তিটি কাদের উদ্দেশ্যে কেন করা হয়? ৩
গ. উদ্দীপকের আলোকে মিরজাফর ও লর্ড ক্লাইভের ষড়যন্ত্রের ধরন আলোচনা কর। ২
ঘ. উদ্দীপকের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের বিষয় পরিণতির সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোকপাত কর। ৪

## ঘ অংশ—উপন্যাস

১০ ▸ রহিমা গ্রামে বসবাস করে। আধুনিক জীবনের সকল সুবিধাবঞ্চিত গ্রামের সবাই অশিক্ষা, কুশিক্ষা দ্বারা নিয়ন্ত্রিত। তারা প্রাকৃতিক জীবন নির্বাহ করে। সে বিবাহিত জীবনে স্বামীর একগুয়েমিতা এবং পুরুষতান্ত্রিকতা দ্বারা নিজেকে অসহায় মনে করে। সে নীরবে নিভৃতে স্বামীর নির্যাতন সহ্য করে।

ক. 'বেচাইন' অর্থ কী? ১
খ. "যেন খাঁচায় ধরা পড়েছে"— কার সম্পর্কে কেন উক্তিটি করা হয়েছে? ২
গ. উদ্দীপকের আলোকে রহিমা চরিত্র বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের সাদৃশ্য-বৈসাদৃশ্য আলোকপাত কর। ৪

১১ ▸ ধর্ম মানুষকে বিকশিত হওয়ার সুযোগ করে দেয়। কিন্তু ধর্মতন্ত্র মানুষকে করে বন্দি আর চিন্তাশক্তিকে গ্রাস করে গোঁড়া কুসংস্কারাচ্ছন্ন করে ফেলে। কিন্তু সুবিধাবাদী গোষ্ঠী মানুষের বিশ্বাসকে পুঁজি করে ধর্মকে শাসনের একটি উপকরণ হিসেবে ব্যবহার করে। মানবিক মানুষ সমাজরাষ্ট্রের জন্য কল্যাণ নিয়ে আসে। ভণ্ড-বকধার্মিকেরা সাধারণ মানুষের জীবনকে সুপরিকল্পিতভাবে নিয়ন্ত্রণ করে।

ক. সৈয়দ ওয়ালীউল্লাহ কোথায় মৃত্যুবরণ করেন? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।" উক্তিটি বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের মহব্বতনগরের জীবন কাঠামোর তুলনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'লালসালু' উপন্যাসের প্রভাব বিস্তারকারী চরিত্রের সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার কর। ৪